# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA

## পালপাড়া কলেজে দু দিনের ক্রিকেট প্রতিযোগিতা

আবেশভূমি ঃ পালপাড়া মহাবিদ্যালয়ের আই কিউ এ সির পৃষ্ঠপোষকতায়, সোশ্যাল ইনভলভমেন্ট প্রোগ্রাম কমিটি এবং স্পোর্টস কমিটির যৌথ উদ্যোগে আয়োজিত হয়েছে দুই দিনের ৮ দলীয় নকআউট ক্রিকেট প্রতিযোগিতা হয় শনিবার। এই প্রতিযোগিতায় বাগনান, খড়গপুর, তারকেশ্বর সহ বিভিন্ন দূরবর্তী খেলোয়াড়ের পাশাপাশি অংশগ্রহণ করে আঞ্চলিক খেলোয়াড়রাও। মোবাইল গেম ছেড়ে যুবকদেরকে মাঠ মুখি করতে এবং সমাজের প্রতি মহাবিদ্যালয় এর দায়বদ্ধতায় এই উদ্যোগ। আজ উদ্বোধনী অনুষ্ঠানে পৌরহিত্য করেন মহাবিদ্যালয় এর অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আইকিউএসসি এর কো-ওর্ডিনেটর ডক্টর অনিরুদ্ধ সিনহা, সোশ্যাল ইন ভলভমেন্ট কমিটির কনভেনার শ্রীময়ী রায়, গ্রন্থাগারিরক সত্যব্রত সাহু, অধ্যাপক সুজিত মণ্ডল, সমাজসেবী আব্দুল আহাদ আলী প্রমুখ।

## পালপাড়া কলেজে ফ্যাকাল্টি ডেভলপমেন্টের পাঁচ দিনের শিক্ষা সেমিনার




আবেশভূমি ঃ যোগদা সৎসঙ্গ পালাপাড়া কলেজে অধ্যাপক অধ্যাপিকাদের নিয়ে বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ন্যাশন্যাল অ্যাসেসমেন্ট কমিটি ইউ জি সি. যেভাবে তাদের নিয়মাবলী নির্দিষ্ট করে কলেজগুলিকে একই নীতিতে পরিচালনা করে। এখন যে পদ্ধতিতে বিভিন্ন ইউনিভার্সিটির অধীন কলেজগুলিতে শিক্ষা চয়েক বেস্ট ক্রেডিট সিস্টেমের মাধ্যমে শিক্ষাদান হয় তার ভালোর দিক ও মন্দের দিক আলোচিত হয়। আলোচনা অফলাইন ও অনলাইনে সম্পন্ন হয়। বৃহস্পতিবার পরমহংস শ্রী শ্রী যোগানন্দ, কলেজের প্রতিষ্ঠাতা প্রয়াত বিধায়ক জনার্দন সাউ এবং সর্বপল্লী রাধাকৃষ্ণণের প্রতিকৃতিতে মাল্যদান ও মঙ্গলদীপ জ্বেলে কলেজের আই ইকউ এ সি এবং ন্যাক এ্যাক্রিডেটেড -বি কর্তৃক আয়োজিত এই ৫ দিনের শিক্ষা সেমিনারের উদ্বোধন করেন কলেজ পরিচালন কমিটির সভাপতি স্বামী অচ্যুতানন্দ গিরি। সঙ্গে উপস্থিত ঝাড়খন্ডের জামসেদপুর নেতাজী সুভাষ ইউনিভার্সিটির শিক্ষা বিষয়ের বিভাগীয় প্রধান প্রফেসর সুদর্শন মিশ্র, কলকাতার দক্ষিণেশ্বর যোগদা সৎসঙ্গ ইনস্টিটিউটের অমিয়নন্দজী, কলেজের আই কিউ এ সি কো-অর্ডিনেটর ড. অনিরুদ্ধ সিন্হা, ড. মৃণালকান্তি দে, টিচার্স কাউন্সিলের সম্পাদক ড. কৃষ্ণাবসু ঠাকুর, কলেজের গ্রন্থাগারিক সত্যব্রত সাউ প্রমুখ। স্বাগত ভাষণে কলেজের গৌরবোজ্জ্বল অধ্যায়ের স্মৃতি তর্পন করে কলেজের ক্রম শ্রীবৃদ্ধি ও সেমিনারের সাফল্য কামনা করে বক্তব্য রাখেন সেমিনার অর্গানাইজিং কমিটির ও আই.কিউ.এসির চেয়ারপার্সেন কলেজ অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র। বিভিন্ন বিষয় নিয়ে ৫ দিন দক্ষ অধ্যাপক ও আমন্ত্রিত অতিথিগণ বক্তব্য রাখবেন। সেমিনারের সমাপ্তি হবে ১০ সেপ্টেম্বর। সমগ্র অনুষ্ঠানের সঞ্চালনা করেন অধ্যাপিকা শ্রীময়ী রায়। শুক্রবার দ্বিতীয় দিন ছিল ন্যাক এবং জাতীয় শিক্ষা নীতি ২০২০ উপর আলোচনা হয়।। বক্তব্য রাখেন নেতাজী সুভাষ বিশ্ববিদ্যালয়ের ভাইস চান্সেলার প্রফেসর গৌরাঙ্গ নন্দ। শেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানান।

শিক্ষাঃ সেই রামও নেই আর সেই অযোধ্যাও নেই

## পালপাড়া কলেজে শিক্ষক উৎকর্ষতা বিষয়ক সেমিনার

স্টাফ রিপোর্টার ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া কলেজের সেমিনার হলে পাঁচ দিনের একটি সেমিনার শুরু হয়েছে। সেমিনারের বিষয় 'শিক্ষক উৎকর্ষতা'। সেমিনারটি উদ্বোধন করেন কলেজ পরিচালন সমিতির সভাপতি স্বামী অচ্যুতানন্দ গিরি মহারাজ। স্বাগত বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র। উদ্বোধক মহারাজ শিক্ষায় শিক্ষকদের অবদান কতখানি তার ব্যাখ্যা দেন। মুখ্য অতিথি নেতাজী সুভাষ বিশ্ব বিদ্যালয়ের জামসেদপুর উপাচার্য্য অধ্যাপক গৌরাঙ্গচরণ নন্দ জাতীয় শিক্ষানীতি ২০২০ নিয়ে আলোচনা করেন। শিক্ষানীতির নির্দেশিকা নিয়ে বক্তব্য রাখেন অধ্যাপক সুদর্শন মিশ্র, কলেজ পরিচালক কমিটির সম্পাদক শীতল চন্দ্র দে প্রমুখ। শ্রী দে আধুনিক শিক্ষা ব্যবস্থার সঙ্গে আধ্যাত্মিকতার যোগসূত্র স্থাপনের চেষ্টা করেন। অনুষ্ঠান শেষে কলেজের প্রসপেকটার্স, নিউজ লেটার, ভিজিটার্স বুক ও স্টুডেন্টস হ্যাণ্ড বুকের উদ্বোধন করা হয়।

## শিক্ষক-শিক্ষকা উৎকর্ষতা অনুষ্ঠান যোগদা সৎসঙ্গ মহাবিদ্যালয়ে



০৯ সেপ্টেম্বর ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ে পাঁচ দিন ব্যাপী শিক্ষক উৎকর্ষতা অনুষ্ঠান এর আনুষ্ঠানিক সূচনা হল বৃহস্পতিবার মহাবিদ্যালয়ের নিজস্ব সেমিনার হলে। প্রদীপ প্রজ্জ্বলন করে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন কলেজ পরিচালন সমিতির সভাপতি স্বামী অচ্যুতানন্দন গিরি মহারাজ। অনুষ্ঠানের স্বাগত ভাষণদেন অধ্যাপক ড. প্রদীপ্ত কুমার মিশ্র। তিনি কলেজের সার্বিক উন্নয়নে এই অনুষ্ঠানের আয়োজনের কথা বলেন। কলেজের সভাপতি স্বামী অচ্যুতানন্দ গিরি মহারাজ শিক্ষা ব্যবস্থার উৎকর্ষ সাধনে শিক্ষক- শিক্ষিকাদের অবদান কতখানি তা প্রাঞ্জল ভাবে ব্যাখ্যা করেন। মুখ্য অতিথি হিসেবে জাতীয় শিক্ষা নীতি ২০২০ সম্পর্কে সুস্পষ্ট ধারণা দেন নেতাজী সুভাষ বিশ্ববিদ্যালয় এর উপাচার্য অধ্যাপক গৌরাঙ্গ চরন নন্দ। এছাড়া শিক্ষা ব্যবস্থার নীতি নির্দেশিকা নিয়ে বক্তব্য রাখেন অধ্যাপক সুদর্শন মিশ্র, অধ্যাপক র‍্যাভেনশ বিশ্ববিদ্যালয় কটক। কলেজের পরিচালন সমিতির সম্পাদক শীতল চন্দ্র দে তাঁর বক্তব্যে আধুনিক শিক্ষ ব্যবস্থার সঙ্গে আধ্যাত্মকতার যোগসূত্র স্থাপনের চেষ্টা করেন। অনুষ্ঠানের অন্তিমলগ্নে অতিথিবৃন্দের দ্বারা কলেজ প্রস্পেকটাস, নিউজ লেটার, ভিজিটার বুক ও স্টুডেন্ট হ্যাণ্ড বুকের আনুষ্ঠানিক উদ্বোধন হয়।

# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA

## পালপাড়া কলেজে পেশাগত সুযোগ ও দক্ষতা বৃদ্ধি বিষয়ে সেমিনার



**নিজস্ব প্রতিবেদন, পটাশপুর:** পূর্ব মেদিনীপুর মহাবিদ্যালয়ে পেশাগত সুযোগ ও দক্ষতা বৃদ্ধি বিষয়ে সেমিনার অনুষ্ঠিত হল পালপাড়া কলেজে। বুধবার যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের পরমহংস যোগানন্দ সেন্টার ফর কেরিয়ার কাউন্সেলিং-এর উদ্যোগে এবং কলকাতার অনুদীপ ফাউন্ডেশনের সহায়তায় এই মহাবিদ্যালয়ে পেশাগত সুযোগ ও দক্ষতা বৃদ্ধি বিষয়ে সেমিনার অনুষ্ঠিত হল। সেমিনারের উদ্বোধন করে মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র সেমিনারের মূল উদ্দেশ্য ব্যাখ্যা করেন। অনুদীপ ফাউন্ডেশনের পক্ষে ঋজু কুণ্ডু উপস্থিত ১৭৫ জন ছাত্রছাত্রীদের সামনে পেশাগত সুযোগ ও দক্ষতা বৃদ্ধিতে অনুদীপ ফাউন্ডেশনের ভূমিকা সম্বন্ধে ব্যাখ্যা করেন। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন মহাবিদ্যালয়ে কেরিয়ার কাউন্সেলিং কো-অডিনেটর ও দর্শন বিভাগের বিভাগীয় প্রধান ড. মৃণাল কান্তি দে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থনীতি বিভাগের বিভাগীয় প্রধান ও ন্যাক কো-অর্ডিনেটর ড. তুষারকান্তি মণ্ডল, গণিত বিভাগের অধ্যাপক ও আইকিউএসির কো-অর্ডিনেটর ড. অনিরুদ্ধ সিনহা, অধ্যাপক সুমন মণ্ডল, অধ্যাপক মোহন কুমার গুপ্তা, অধ্যাপক ড. মহম্মদ আনিস আখতার, অধ্যাপক সঞ্জয় সিং প্রমুখ।

## পালপাড়া কলেজে দর্শন বিভাগের গুচ্ছ কর্মসূচী সহ একদিনের আন্তর্জাতিক সেমিনার



আবেশভূমিঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ে বুধবার আই. সি. পি. আর - এর অর্থানুকূল্যে এবং দর্শন বিভাগের উদ্যোগে " ইম্পর্টেন্স অফ যোগা ইন প্রেজেন্ট ওয়ার্ল্ড ডে" শীর্ষক এক দিবসীয় আন্তর্জাতিক আলোচনা সভা অনুষ্ঠিত বুধবার।অনুষ্ঠানের মুখ্য পৃষ্ঠপোষক কলেজ পরিচালন সমিতির সভাপতি স্বামী অচ্যুতানন্দ গিরি এবং মুখ্য উপদেষ্টার আসন অলংকৃত করেন পরিচালন সমিতির সম্পাদক শীতল চন্দ্র দে। বৃক্ষে জল সিঞ্চন ও যোগদিবসের প্রাসঙ্গিকতা বিষয়ে বক্তব্যের মধ্যদিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করেন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ প্রফেসর (ড.) প্রদীপ্ত কুমার মিশ্র। উপস্থিত ছিলেন ন্যাক কো অর্ডিনেটর ও অর্থনীতি বিভাগের প্রধান অধ্যাপক তুষার কান্তি মণ্ডল। প্রধান বক্তার আসন অলংকৃত করেন জাহাঙ্গীর নগর ( বাংলাদেশ ) বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপক মি. মহম্মদ উল্লাহ। এছাড়াও বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপক ড. পাপিয়া গুপ্ত এবং ড. তপন কুমার দে। অনুষ্ঠানের আহ্বায়ক ছিলেন অধ্যাপক সঞ্জয় সিং এবং সহযোগী আহ্বায়ক অধ্যাপক সৌমেন রায়। দর্শন বিভাগীয় প্রধান ও সেমিনার কো-অর্ডিনেটর অধ্যাপক মৃণাল কান্তি দে সুচারুভাবে সমগ্র অনুষ্ঠানটি সম্পন্ন করেন। কলেজের বার্ষিক পত্রিকা, কলেজ প্রস্পেক্টাস, বিশাখা গাইড লাইনস, সেক্সচুয়াল হ্যারাসমেন্ট বিষয়ক একটি হ্যান্ড বুক এবং ব্যক্তিগত উদ্যোগে একটি গবেষণা মূলক বই অনুষ্ঠানে প্রকাশলাভ করে। উপস্থিত ছিলেন অধ্যাপক দেবাশীষ গিরি, পহেলি মাইতি ও অন্যান্য অধ্যাপক - অধ্যাপিকা, ছাত্র - ছাত্রী, গবেষক মিলে প্রায় দেড়শত জন। সমগ্র অনুষ্ঠানের সঞ্চালনায় ইংরেজি বিভাগের অধ্যাপিকা শ্রীময়ী রায়।

## পালপাড়া কলেজে ৭ দিনের যোগ কর্মশালা

স্টাফ রিপোর্টার : যোগদা পালপাড়া সৎসঙ্গ মহাবিদ্যালয়ের সংস্কৃত বিভাগ এবং যোগদা সৎসঙ্গ সোসাইটি অব ইণ্ডিয়ার যৌথ উদ্যোগে যোগের উপর ভিত্তি করে ৭ দিনের একটি কর্মশালা বুধবার শুরু হয়। বিষয় রয়েছে ভারতীয় মনস্কতায় ব্যক্তিত্ব বিকাশ ও মানসিক অবসাদ নিয়ন্ত্রণে যোগের ভূমিকা। কর্মশালার উদ্বোধন করেন কলেজের সভাপতি স্বামী অচ্যুতানন্দ গিরি। প্রদান অতিথি ছিলেন কলেজের সম্পাদক শীতলচন্দ্র দে। এছাড়া ছিলেন আইকিউএসির কো অর্ডিনেটর ডঃ অনিরুদ্ধ সিনহা. দর্শন বিভাগের প্রধান ডাঃ মৃণালকান্তি দে. জি.বি মেম্বার রঞ্জন ঠাকুর. সংস্কৃত বিভাগের প্রধান ডঃ লক্ষীকান্ত ষড়ঙ্গী প্রমুখ। সভাপতিত্ব করেন অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত মিশ্র। অনুষ্ঠানের যুগ্ম সঞ্চালক ছিলেন অধ্যাপক ভূপেন মণ্ডল. সত্যেন্দ্রনাথ আদক। ধন্যবাদ জানান ডঃ মানস প্রসুন ভট্টাচার্য্য। সহযোগিতা করেন ডঃ মঞ্জু দত্ত।

## সাত দিনের কেমিস্ট্রি ল্যাবরেটরি সেফটি সার্টিফিকেট কোর্স



১ জুন : যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের রসায়ন বিভাগ দ্বারা এবং আই কিউ এসিইর পৃষ্ঠপোষকতায় কেমিস্ট্রি ল্যাবরেটরি সেফটি অ্যান্ড প্রেসারভিং কেমিক্যালস এ ল্যাবরেটরি টেকনিশিয়ান গাইড এর উপর সাত দিনের সার্টিফিকেট কোর্স শেষ হলো বুধবার। গত ৩০ মে এই কোর্সের সূচনা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন কলেজের অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র। এছাড়া অনুষ্ঠানে ছিলেন রসায়ন বিভাগের প্রধান ড. সঞ্জীব দে, অধ্যাপক ড মৃণালকান্তি দে, অধ্যাপক ড. সব্যসাচী খাটুয়া সহ অন্যান্য ব্যক্তি ও ছাত্র - ছাত্রীরা। এই কোর্সটিতে সাত দিন ধরে বিভিন্ন দিনে এই বিষয়ে আলোচনা করেন কাঁথি কলেজের অধ্যাপক ড. আলোক কুমার ঘোষ, মুগবেড়িয়া কলেজের অধ্যাপক ড. বিধানচন্দ্র সামন্ত, [illegible] কলেজের অধ্যক্ষ ড. দীপ্তকান্তি খাটুয়া এবং গড়বেতা কলেজের অধ্যাপক সুশান্ত কুমার গিরি। এছাড়াও কলেজের রসায়ন বিভাগের অধ্যাপকরাও এই বিষয়ে আলোচনা করেন।

# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA

## পালপাড়া কলেজের পদার্থবিদ্যা বিভাগে কর্মশালা

স্টাফ রিপোর্টার ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের উদ্যোগে তারবিহীন যোগাযোগ ব্যাবস্থার উপর ৭ দিনের একটি কর্মশালা চলছে। বিষয় রয়েছে— ইলেক্ট্রনিক সার্ভিস বিশ্লেষণ এবং এন্টেনা তত্ত্ব। কর্মশালাার উদ্বোধন করেন— কলেজের অধ্যক্ষ প্রদীপ্ত মিশ্র। প্রধান অতিথি ছিলেন— দর্শন বিভাগের প্রধান ডঃ মৃণালকান্তি দে, পদার্থ বিজ্ঞান বিভাগের প্রধান ডঃ অরিন্দম পাল, কালিকৃষ্ণ গিরি, সৌরভ মিশ্র, সুমন মণ্ডল, ডঃ আশিষ মাইতি। যুগ্ম সঞ্চালক ছিলেন— ডঃ আমিনুর রহমান ও নন্দন কুমার সামন্ত। ধন্যবাদ জানান— ডঃ আমিনুর রহমনা। সহযোগিতা করেন স্বদেশ রঞ্জন ভক্তা, শক্তিপদ মাইতি।

## দৈনিক চেতনা

### বন্যায় ডোবা পালপাড়া কলেজে পঠন পাঠন শুরু হওয়ায় সবাই খুশি



১৬ নভেম্বর ঃ প্রায় দু' বছর পর মঙ্গলবার ছাত্র ছাত্রীদের পঠন পাঠন শুরু হলো পটাশপুর-১ ব্লকের যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ে। অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র বলেন, দীর্ঘ দিন আমাদের কলেজের একতলা বিল্ডিং জলে ডুবে ছিল। স্যানিটাইজেশনের মধ্য দিয়ে, কোভিড বিধি মেনেই ক্লাস শুরু হয়েছে। আমাদের শিক্ষক, কর্মী, আধিকারিকদের ডবল ভ্যাকসিন হয়ে গিয়েছে। আমাদের ছাত্র - ছাত্রীদের বেশরভাগ ভ্যাকশিনেশন হয়ে গেছে। করোনা এবং বন্যার পর এদিন সরকারী বিধির চূড়ান্ত মান্যতা দিয়ে সবাই আবার একত্রিত হতে পেরে আনন্দ বোধ করছি। অধ্যাপক তুষার মন্ডল, সেখ মনিরুল ইসলাম, মৃণালকান্তি দে, ভূপেন মন্ডল, সত্যেন আদক এবং সকল অধ্যাপক - অধ্যাপিকাগণ ও অশিক্ষক কর্মচারীগণ ও কলেজ খোলায় সন্তোষ প্রকাশ করেন।

## পালপাড়া কলেজে এইডস দিবসের কর্মসূচী



০১ ডিসেম্বর ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের এন এস এস ইউনিট এর উদ্যোগে বিশ্ব এইডস্ দিবস উপলক্ষে বুধবার চিস্তিপুর থেকে গদাইছেড়ী বাজার পর্যন্ত সচেতনতা মূলক প্রচার অভিযান হয়। পরে কলেজের ছাত্র - ছাত্রীদের নিয়ে ডরমেটরিতে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন অধ্যক্ষ ড. প্রদীপ মিশ্র, এন এস এস এর দায়িত্বে থাকা অধ্যাপক সুজিত মন্ডল, অধ্যাপিকা কৃষ্ণা ঠাকুর বসু, অধ্যাপক তুষার চক্রবর্তী, মৃণাল কান্তি দে, ভূপেন মন্ডল, অধ্যাপিকা পূজা পন্ডা ও অন্যান্য অধ্যাপক অধ্যাপিকাগণ, অশিক্ষক কর্মচারী গণ, ছাত্র - ছাত্রীগণ।

## লাউদা অঞ্চলে ১৩০০ মিটার ঢালাই রাস্তা



## যোগানন্দ পরমহংসের ১২৯তম জন্মদিবস পালন

৫ জানুয়ারী ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া বিদ্যালয়, যোগদা সৎসঙ্গ পালপাড়া বালিকা বিদ্যালয় ও যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ে কোভিড বিধিনিষেধ মেনে পালিত হয় পরহংস যোগানন্দের ১২৯তম জন্ম দিবস। পালপাড়া মহাবিদ্যালয়ের অধ্যক্ষ অফিসে পরমহংস যোগানন্দের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন অধ্যক্ষ ডাঃ প্রদীপ্ত কুমার মিশ্র। উপস্থিত ছিলেন ডাঃ মৃণাল কান্তি দে, সহ মহাবিদ্যালয়ের অধ্যাপক এবং অশিক্ষক কর্মীচারীগণ। যোগদা সৎসঙ্গ পালপাড়া বিদ্যালয়ে উপস্থিত ছিলেন শিক্ষক ও শিক্ষা কর্মীবৃন্দ। যোগদা সৎসঙ্গ পালপাড়া বালিকা বিদ্যালয়ে উপস্থিত ছিলেন স্কুলের শিক্ষকা ও শিক্ষা কর্মীগণ। আগে প্রতিবছর সাড়ম্বরে জন্ম দিবস পালন করা হত। কিন্তু এবার কোভিড পরিস্থিতির জন্য সংক্ষেপে পালন করা হয়।

## কাজলা সমবায়ে আত্মা প্রশিক্ষণ শিবির

৫ জানুয়ারী ঃ দেশপ্রাণ ব্লকের কাজলা সমবায়ের ট্রেনিং হলে আত্মা প্রকল্পের একদিনের কৃষি প্রশিক্ষণ শিবির হয় মঙ্গলবার। উপস্থিত ছিলেন সমিতির ... চাষে সরকার বেশী গুরুত্ব আরোপ করতে চাইছে বলে জানান দেশপ্রাণ ব্লকের কৃষি অধিকর্তা নির্মল দীন্ডা।

# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA



## সরস্বতীপূজা উপলক্ষে ক্রিকেট, অন্ন প্রসাদ বিতরণ

০৭ ফেব্রুয়ারী : পটাশপুর -১ ব্লকের বড়হাট গ্রাম পঞ্চায়েতের শঙ্কর গেড়্যা বিবেকানন্দ সেবক সংঘের উদ্যোগে আয়োজিত সরস্বতী পূজা উপলক্ষে ডে নাইট শর্ট হ্যান্ড ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করেন সমাজসেবী বিনয় পট্টনায়ক। উপস্থিত ছিলেন হিমাংশু ভূঁঞ্যা, গৌতম মাল, চন্দন পাত্র, সুমন দাস। পটাশপুর -১ ব্লকের নৈপুর অঞ্চলের নৈপুর গড় তরুণ সংঘের সরস্বতী পুজো উপলক্ষে মদন মোহন জীউর অন্ন প্রসাদ প্রায় ৫০০০ মানুষ গ্রহণ করেন। উপস্থিত ছিলেন পটাশপুর -১ পঞ্চায়েত সমিতির সহ সভাপতি পীযূষ কান্তি পন্ডা, পঞ্চায়েত সমিতির শিক্ষা কর্মাধ্যক্ষ অরূপ কুমার মাইতি, নৈপুর গ্রাম পঞ্চায়েত প্রধান অঞ্জলী শীট, পঞ্চায়েত সদস্য সবিতা দাস, বাদল চন্দ্র সাউ, প্রাক্তন কর্মাধ্যক্ষ হরিপদ দাস মহাপাত্র প্রমুখ।




## তালছিটকিনি কলোনী এলাকার মানুষের সমস্যা জানতে গেলেন পটাশপুর-১ সহ সভাপতি

০৭ ফেব্রুয়ারী : এখন পটাশপুর বিধানসভা ভোটের কোন নাম গন্ধ নেই। পটাশপুর -১ পঞ্চায়েত সমিতির সহ সভাপতি ও ব্লক তৃণমূল সভাপতি পীযূষ কান্তি পন্ডা সোমবার চিস্তিপুর -১ অঞ্চলের তালছিটকিনি গ্রাম সংসদের কলোনী এলাকায় ও নদী বাঁধ এলাকায় প্রায় দেড়শটি পরিবারের কাছে যান এবং তাঁদের ওখানে তিনি বলেন, সাধারণ মানুষের মনের কথা ও সমস্যার কথা জানার জন্যই গেছেন। আগামী দিনেও এইভাবে তিনি তার কাজের ফাঁকে ফাঁকে প্রতিটি পাড়াতে যাবেন এবং সাধারণ মানুষদের সঙ্গে কথা বলবেন এবং সমাধানের চেষ্টা করবেন। তিনি আরো বলেন, আমি মানুষের সঙ্গে ছিলাম, আছি, আগামী দিনেও থাকবো। আমি মমতা বন্দ্যোপাধ্যায়ের সৈনিক অভিষেক বন্দ্যোপাধ্যায় আমার নেতা আপনি গালিগালাজ করুন বা ভালো বাসুন, আমি আপনাদের চাকর। এলাকার জগন্নাথ বর্মন, ভাকু বর্মন, শঙ্কর ভূঞ্যা, অরুন আড়ি, শুকচাঁদ হাজরা, গণেশ বাগ বলেন ভাবতেই পারছি না যে এই এলাকায় কোন নেতা কারণ ছাড়াই চলে আসবেন।



## সরস্বতী বন্দনায় পটাশপুর-১, ২ ও ভগবানপুর-১ ব্লকের বিভিন্ন প্রকার শিক্ষা প্রতিষ্ঠান

০৭ ফেব্রুয়ারী : পটাশপুর-১, ২, ভগবানপুর-১ ব্লকের বিভিন্ন স্কুলে সরস্বতী মায়ের বন্দনায় অংশ নেন ছাত্র - ছাত্রী বৃন্দ। যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের ছাত্র - ছাত্রীরা মায়ের বন্দনায় মেতে উঠেন। উপস্থিত ছিলেন অধ্যক্ষ প্রদীপ্ত কুমার মিশ্র, অধ্যাপক তুষার চক্রবর্তী, অধ্যাপক ভুপেন মন্ডল, অধ্যাপিকা শ্রীমতি পন্ডিত ও অশিক্ষক কর্মচারী গৌর দাস, বিশ্বজিৎ সাউ। মঙ্গলামাড়ো মঙ্গলা একাডেমীতে সরস্বতী মায়ের বন্দনায় আনন্দ করে ছাত্র - ছাত্রীরা। বিভীষণপুর হাইস্কুলের প্রধান শিক্ষক স্বপন মন্ডল বলেন কোভিড বিধি নিষেধ মেনে ছাত্র - ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, শিক্ষাকর্মীবৃন্দ মায়ের বন্দনায় অংশ নেন। পটাশপুর হাড়োচরণ বিদ্যাপীঠ, অমর্ষি রঘুনাথ হাইস্কুলের শিক্ষক এবং ছাত্র - ছাত্রীরা মাতৃ বন্দনায় অংশ নেয়। অনেক শিক্ষা প্রতিষ্ঠানে সরস্বতী পূজা উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান




## সরস্বতী বন্দনায় পটাশপুর-১, ২ ও ভগবানপুর-১ ব্লকের বিভিন্ন প্রকার শিক্ষা প্রতিষ্ঠান

০৭ ফেব্রুয়ারী : পটাশপুর-১, ২, ভগবানপুর-১ ব্লকের বিভিন্ন স্কুলে সরস্বতী মায়ের বন্দনায় অংশ নেন ছাত্র - ছাত্রী বৃন্দ। যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের ছাত্র - ছাত্রীরা মায়ের বন্দনায় মেতে উঠেন। উপস্থিত ছিলেন অধ্যক্ষ প্রদীপ্ত কুমার মিশ্র, অধ্যাপক তুষার চক্রবর্তী, অধ্যাপক ভুপেন মন্ডল, অধ্যাপিকা শ্রীমতি পন্ডিত ও অশিক্ষক কর্মচারী গৌর দাস, বিশ্বজিৎ সাউ। মঙ্গলামাড়ো মঙ্গলা একাডেমীতে সরস্বতী মায়ের বন্দনায় আনন্দ করে ছাত্র - ছাত্রীরা। বিভীষণপুর হাইস্কুলের প্রধান শিক্ষক স্বপন মন্ডল বলেন কোভিড বিধি নিষেধ মেনে ছাত্র - ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, শিক্ষাকর্মীবৃন্দ মায়ের বন্দনায় অংশ নেন। পটাশপুর হাড়োচরণ বিদ্যাপীঠ, অমর্ষি রঘুনাথ হাইস্কুলের শিক্ষক এবং ছাত্র - ছাত্রীরা মাতৃ বন্দনায় অংশ নেয়। অনেক শিক্ষা প্রতিষ্ঠানে সরস্বতী পূজা উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA

## পালপাড়া কলেজে চিত্র প্রদর্শনী কর্মশালা



স্টাফ রিপোর্টার ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া মহা বিদ্যালয়ে চিত্র প্রদর্শন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। মহাবিদ্যালয়ের রসায়ন বিভাগ, ভূগোল বিভাগ, জাতীয় সেবা প্রকল্প বিভাগ সহ অন্যান্য বিভাগের সহযোগিতায় এই কর্মসূচী অনুষ্ঠিত হয়। বিষয় ছিল্দ গ্রীন ক্যাম্পাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন— কলেজের অধ্যক্ষ প্রদীপ্ত কুমার মিশ্র। প্রদর্শনশালার বিচারক ছিলেন— বাজকুল মিলনী মহাবিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ডঃ বিধান চন্দ্র সামন্ত, পালপাড়া কলেজের অর্থনীতি বিভাগের অধ্যাপক ডঃ তুষারকান্তি মণ্ডল। অনুষ্ঠানের সঞ্চালক ছিলেন— ইংরাজী বিভাগের অধ্যাপক সুমিত মণ্ডল। উপস্থিত ছিলেন— ডঃ প্রজ্ঞা ভট্টাচার্য্য, ডঃ সঞ্জীব দে, ডঃ অনিরুদ্ধ সিনহা প্রমুখ। কলেজের ছাত্রছাত্রীদের ৪২ দল অংশ গ্রহণ করেছিল।

## পালপাড়া কলেজে টেট পরীক্ষার্থীর সিংহভাগ মহিলা

আবেশভূমি ঃ পটাশপুর - ১ ব্লকের যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ে প্রাথমিক টেট - ২২ পরীক্ষা সুষ্ঠু ভাবে শেষ হয়। মোট পরীক্ষার্থী ৪০০, এর মধ্যে মহিলা পরিক্ষার্থীর পরিমাণ বেশি ছিল ৩১৬ জন। প্রতিবন্ধী পরিক্ষার্থী ৫ জন। পালপাড়া কলেজের পরীক্ষার সেন্টার ইনচার্জ অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র, অফিসার ইনচার্জ অমর্ত্য চক্রের এস আই খুকু রানী দাস এবং পরীক্ষা নিয়ামক হিসেবে দায়িত্ব পালন করেন অধ্যাপক ডঃ মৃণাল কান্তি দে।

## পরিবেশ রক্ষায়

পটাশপুর: কলেজের ছাত্রছাত্রীদের নিয়ে সবুজ রক্ষা ও পরিবেশ সচেতনতা শিবির অনুষ্ঠিত হল। যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ে ইংরেজি বিভাগে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বর্ষের ছাত্র ছাত্রীদের নিয়ে পরিবেশ সচেতনতায় সবুজ রক্ষার পাঠ দেওয়া হয়। পরিবেশ রক্ষায় জীববৈচিত্র, জল সঞ্চয় ও দূষণ রোধে চিত্র প্রদর্শনী হয়। শিবিরে উপস্থিত ছিলেন অধ্যাপক মনিরুল ইসলাম, বিনোদ কুমার সর্দার প্রমুখ।

## পালপাড়া কলেজে পোস্টার কম্পিটিশন এ পরিবেশ বার্তা



আবেশভূমি ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ে মঙ্গলবার পরিবেশ রক্ষা সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে পোস্টার কম্পিটিশন হয়। কোন পোস্টারে লেখা 'বায়ু দূষণ রোধ করি, সুস্থ সুন্দর জীবন গড়ি, অবার কোথাও পোস্টারে লেখা 'জলই জীবন জলই প্রাণ, জল বাঁচাতে হাত লাগান', কোথায় আবার বিশুদ্ধ বায়ু, সুপেয় জল, নির্মল পরিবেশের ফল এরকম নানা বিষয়ের পোস্টার দেখা যায়। ৫০জন ছাত্র - ছাত্রী তাদের পোস্টার নিয়ে এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। অংশগ্রহণকারীদের উৎসাহ বাড়াতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীকে পুরস্কৃত ও অংশগ্রহণকারীদের শংসাপত্র প্রদান করা হয়। এদিন অতিথির আসন অলঙ্কৃত করেন কলেজের অধ্যাপক ড. মৃণালকান্তি দে, বাজকুল কলেজের ভারপ্রাপ্ত অধ্যাপক ড. পীযূষ দণ্ডপাট, মুগবেড়িয়া কলেজের অধ্যাপক ড. বিধানচন্দ্র সামন্ত, অধ্যাপক ড. সঞ্জীব দে, অধ্যাপক প্রজ্ঞা ভট্টাচার্য প্রমুখ। পৌরোহিত্য করেন কলেজের অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র। তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানান।

# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA

## পালপাড়া কলেজে ক্যারাটে শিক্ষা শিবির



১৮ ডিসেম্বর : পটাশপুর -১ ব্লকের যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের পক্ষে ১০ ডিসেম্বর -১৯ ডিসেম্বর পর্যন্ত ৭ দিনের ক্যারাটে ও আত্মরক্ষা মূলক শরীর শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়। পরিচালনায় জাগুয়ার ক্যারাটে অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া। পালপাড়া কলেজের প্রায় ২৫০জন ছাত্র - ছাত্রী এই শিবিরে যোগ দেন। প্রধান প্রশিক্ষক শিহান সুখকুমার সামন্ত ও সহ প্রশিক্ষক চিন্ময় পতি। প্রধান প্রশিক্ষক বলেন, মহিলাদের শারীরিক ও মানসিক ভাবে দৃঢ় করা বর্তমানে মহিলাদের আত্মরক্ষার জন্য গুরুত্বপূর্ণ। আমরা চাই গ্রাম বাংলার মহিলারা বেশী বেশী করে অংশগ্রহণ করেন এটাই আমাদের লক্ষ্য। বর্তমানে কলেজ ও বিশ্ববিদ্যালয় গুলোতে এই প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হচ্ছে। সেই মতো যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের ৭ দিনের প্রশিক্ষণ কর্মশালা হয়। শুভ উদ্বোধনে ছিলেন কলেজের অধ্যাপক ড. মৃণালকান্তি দে, অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র, অধ্যাপিকা মহামায়া দীক্ষা প্রমুখ।

## পালপাড়া কলেজে ক্যুইজের আসর

স্টাফ রিপোর্টার : পটাশপুরের যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যায়ের অর্থনীতি বিভাগের উদ্যোগে এবং আইকিউ এ সি ও এনএসএস-এর সহায়তায় বৃহস্পতিবার এক ক্যুইজের প্রতিযোগিতা অনুষ্ঠিত হল। কলেজের বিভিন্ন বিভাগের ৪১০টি দলের ৮০ জন ছাত্রছাত্রীদের নিয়ে এই ক্যুইজ প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যাপক ড. মৃণালকান্তি দে, অধ্যাপক ড. শেখ মনিরুল ইসলাম, অধ্যাপিকা ড. কৃষ্ণা বসু ঠাকুর সহ অন্যান্য অধ্যাপক অধ্যাপিকারা। সাধারণ জ্ঞানের উপর আয়োজিত এই ক্যুইজ প্রতিযোগিতায় অংশগ্রহনে উসাহ ছিল চোখে পড়ার মতো। সমগ্র অনুষ্ঠা পরিচালনা করেন অর্থনীতি বিভাগের প্রধান ড. তুষারকান্তি মণ্ডল। অনুষ্ঠানের শেষ পর্বে সফল প্রতিযোগীদের পুরস্কৃত করা হয়।

## যোগদা সৎসঙ্গ মহাবিদ্যালয়ে ক্যুইজ



আবেশভূমি : যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের অর্থনীতি বিভাগের উদ্যোগে এবং আই.কিউ.এ.সি ও এন.এস.এস এর সহায়তায় কলেজের বিভিন্ন বিভাগের ৪০টি দলের ৮০ ছাত্রছাত্রী নিয়ে ক্যুইজ হয় বৃহস্পতিবার। উপস্থিত ছিলেন কলেজের এইদিনের দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক ড. মৃণাল কান্তি দে, অধ্যাপক ড. শেখ মনিরুল ইসলাম, অধ্যাপিকা ড. কৃষ্ণা বসু ঠাকুর এবং অন্যান্য অধ্যাপক ও অধ্যাপিকাগণ। সাধারণ জ্ঞানের উপর আয়োজিত ক্যুইজের সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন অর্থীনীতি বিভাগের বিভাগীয় প্রধান ড. তুষারকান্তি মন্ডল। অনুষ্ঠানের শেষ কৃতি ছাত্রছাত্রীদের পুরস্কৃত করা হয়।

## পালপাড়া কলেজে পালিত হ'ল ভারতীয় ভাষা উৎসব



আবেশভূমি : যোগদা পালপাড়া মহাবিদ্যালয়ের সেমিনার কক্ষে শুক্রবার পালিত হয় 'ভারতীয় ভাষা উৎসব।' ভারত সরকারের উচ্চ শিক্ষা মন্ত্রকের অধীন ভারতীয় ভাষা সমিতির সুপারিশক্রমে ইউ.জি.সি. দেশের সমস্ত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান গুলিকে ভারতীয় ভাষা গুলির সমন্বয় সূত্র অনুসন্ধানের কর্মসূচী গ্রহণের নির্দেশ দেয়। সেই নির্দেশে তামিল কবি, গীতিকার, সমাজ সংস্কারক ও স্বাধীনতা সংগ্রামী সুব্রাহ্মণীয়াম ভারতীয় জন্ম দিনে উপলক্ষে ভারতীয় ভাষা উৎসব -এর আয়োজন হয়। প্রায় তিনশ শিক্ষার্থী, অধ্যাপক - অধ্যাপিকা ও শিক্ষানুরাগী বহু মানুষের সমাগমে উৎসবের সূচনা করেন ও স্বাগত ভাষণ দেন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র। তিনি বলেন, প্রত্যেক ছাত্র-ছাত্রীকে তার নিজের মাতৃ ভাষায় দক্ষ হতে হবে। সেই সঙ্গে ভাষা শিক্ষা ও কথা বলা অভ্যাস করা বিশেষ প্রয়োজন। সূচক বক্তা ছিলেন উৎসব কমিটির কনভেনর বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ডঃ মৃণাল কান্তি দাস। তিনি এই উৎসবের প্রাসঙ্গিকতা ও সার্থকতা বিষয়ে সুচিন্তিত বক্তব্য রাখেন। অনুষ্ঠানের প্রধান বক্তা ছিলেন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের স্বনামখ্যাত প্রাক্তন বাংলা বিভাগের অধ্যাপক ডঃ লায়েক আলি খান। 'ভারতীয় ভাষার বৈচিত্র্য ও সমন্বয়' বিষয়ে তাঁর বক্তৃতায় প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে নব্য ভারতীয় আর্যভাষার উদ্ভবের রূপরেখা, অন-আর্য ও আর্য ভাষার সংমিশ্রণ, ভাষার আধিপত্যবাদ, ভাষা বিলোপ ও ভাষার স্বাধীনতা রক্ষার বিভিন্ন প্রসঙ্গ তুলে ধরেন। অধ্যাপক ভূপেন মণ্ডল। ছিলেন অধ্যাপক ড. তুষারকান্তি মণ্ডল, ড. শ্রীমতী পণ্ডিত, অধ্যাপিতা শ্রীময়ী রায়, গ্রন্থাগারিক সত্যব্রত সাউ প্রমুখ। ধন্যবাদ জ্ঞাপন করেন অধ্যাপক আনন্দ মোহন মাইতি। সঞ্চালনায় ইংরেজি বিভাগের দুই অধ্যাপক রজত মিশ্র ও সুমন ধর।


# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA

43rd Year • Issue284 • FRIDAY • 03 February 2023 • Price Rs.2.5
১৯ মাঘ ১৪২৯ □ শুক্রবার □ ০৩ ফেব্রুয়ারী ২০২৩ □ ২.৫০

## পালপাড়া কলেজ ফিলোসফিক্যাল কন্ট্রিবিউশন

০২ ফেব্রুয়ারী ঃ ইন্ডিয়ান কাউন্সিল অফ ফিলোসফিক্যাল রিচার্জ এর সহযোগিতায় দু-দিবসীয় জাতীয় স্তরের ফিলসোফিক্যাল কন্ট্রিবিউশন এর আয়োজন হলো পালপাড়া কলেজে। বৃহস্পতিবার পটাশপুর -১ ব্লকের যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের দর্শন বিভাগের উদ্যোগে এই ফিলসফিক্যাল কন্ট্রিবিউশন এর আয়োজন করা হয়। কলেজের সেমিনার হলে শতাধিক ছাত্র - ছাত্রীদের উপস্থিতিতে এই কন্ট্রিবিউশন হয়। এদিনের প্রধান বক্তা ছিলেন ওড়িষ্যার র‍্যাভেন্স বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. পতিতপাবন দাস, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা ড. পাপিয়া গুপ্তা, অধ্যাপক ড. তপন কুমার দে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. দীপায়ন পটনায়ক প্রমুখ। অনুষ্ঠানের উদ্যোক্তা হিসেবে উপস্থিত ছিলেন চেয়ারপার্সন ড. প্রদীপ্ত কুমার মিশ্র, কো - অর্ডিনেটর ড. মৃণালকান্তি দে, কনভেনর সৌমেন রায় সহ অন্যান্যরা।

## পালপাড়ায় ১৪ ফুটের ভীম



## পালপাড়া কলেজে ক্যুইজের আসর



## পালপাড়া কলেজে স্টুডেন্টস উইক উদযাপন

স্টাফ রিপোর্টার ঃ পঃ বঙ্গ সরকারের উচ্চ শিক্ষা মন্ত্রকের নির্দেশক্রমে যোগদা সৎসঙ্গ পালপাড়া কলেজে ২ থেকে ৭ জানুয়ারী অবজারভেশান অব স্টুডেন্টস উইক পালন করা হয়। এই কর্মসূচীর উদ্বোধন করেন অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র। অনুষ্ঠানে সূচক বক্তা ছিলেন— ডঃ অমিত কুমার মাইতি। তিনি শিক্ষার্থীর উন্নতি সাধনে ক্যারিয়ার কাউন্সেলিং, স্টুডেন্টস ক্রেডিট কার্ডের উপর সুচিন্তিত বক্তব্য রাখেন। কলেজের কোষাধ্যক্ষ ডঃ শেখ মনিরুল ইসলাম তার বক্তব্যে স্বামী বিবেকানন্দ স্কলারশিপ কিভাবে পাওয়া যায় তা তুলে ধরেন। সাইকোলজি কাউন্সেলিং-এর উপর বক্তব্য রাখেন— ডঃ আশিষ ঘোষ। অধ্যাপক ও অধ্যাপিকাদের উপস্থাপনায় ক্যুইজ, ড্রয়িং, পোষ্টার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এছাড়া পাশ্ববর্তী ১০টি কলেজের ছাত্রছাত্রীদের নিয়ে কলেজে শিক্ষামূলক ও সাংস্কৃতিকমূলক ভাবের আদান প্রদান ঘটানো হয়। এমনকি অভিভাবকদের সঙ্গে অনলাইন সাক্ষাৎ কারের ব্যাবস্থা ছিল কর্মসূচীর অঙ্গ।

প্রশাসক কেশব কৃষ্ণ দাস, অনুপ গিরি, দেবব্রত দাস, অমিয় প্রধান প্রমুখ। দুপুরে প্রায় ৩ হাজার মানুষের মধ্যে অন্নভোগ বিতরণ করা হয়।

## পালপাড়া কলেজে মাতৃভাষা দিবস পালন

স্টাফ রিপোর্টার ঃ পালপাড়া যোগদা সৎসঙ্গ মহা বিদ্যালয়ের বিএড এবং এমএড বিভাগের আয়োজনে মাতৃভাষা দিবস পালন করা হয়। অধ্যাপক অধ্যাপিকা, শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের সূচনা করেন অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র। বাংলা ভাষার গুরুত্ব ও মাধুর্য্য প্রভৃতি নিয়ে দীর্ঘ আলোচনা হয়। দিনটির তাৎপর্য্য তুলে ধরেন ডঃ অমিত কুমার মাইতি। অনুষ্ঠানে শিক্ষার্থীরা নৃত্য, সংগীত, কবিতা প্রভৃতি পরিবেশন করেন।

## মাতৃভাষা দিবস পালন

স্টাফ রিপোর্টার ঃ মঙ্গলবার কাঁথি মহকুমা রেডক্রশ সোসাইটির সভাকক্ষে ৪২ তম মাতৃভাষা দিবস উদযাপন করা হয়। কাঁথি পূণ্য শ্লোক বিদ্যাসাগর মূর্ত্তি প্রতিষ্ঠা সমিতির এই



# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA



গড়ে তুললে এলাকা ছেড়ে বিজেপি।

## পালপাড়া কলেজে সাংস্কৃতিক অনুষ্ঠান

২৩ জুন ঃ পটাশপুর -১ ব্লকের যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের বিএড ও এম এড বিভাগের শুক্রবার বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠান হয় সেমিনার হলে। পুরস্কার বিতরণী সভা অনুষ্ঠিত হয় এবং বহিরাগত শিল্পী সমন্বয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র। প্রদীপ প্রজ্জ্বলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন কলেজের দর্শন বিভাগের অধ্যাপক ড. মৃণালকান্তি দে, কলেজের সম্পাদক শীতল চন্দ্র দে প্রমুখ। বিএড বিভাগের প্রধান অধ্যাপক অমিত মাইতি বলেন বিএড ও এম এড বিভাগের বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠানে ছাত্র - ছাত্রীদের বিকাশের চেষ্টা করে। এছাড়া ও উপস্থিত ছিলেন কলেজের সকল বিভাগের ছাত্র - ছাত্রী এবং অধ্যাপক - অধ্যাপিকারা। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করে অধ্যাপিকা সমীক্ষা ঘোষ।

2023/6/24 20:18



## পালপাড়া কলেজে ভারতীয় সংস্কৃতিতে বিশ্ববন্ধুত্ব শীর্ষক আলোচনা

আবেশভূমি ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের সংস্কৃত বিভাগ এবং অই কিউ এ সি এর পরিচালনায় সবং সজনীকান্ত মহাবিদ্যালয় ও লোকসভা প্রচার সমিতির যৌথ উদ্যোগে "ভারতীয় সংস্কৃতিতে বিশ্ব বন্ধুত্ব" বিষয়ক এক দিনের জাতীয় স্তরের আলোচনা চক্র অনুষ্ঠিত হয় ২৪ জনু শনিবার। কলেজের সেমিনার কক্ষে উক্ত সভার সভাপত্বি করেন কলেজ অধ্যক্ষ প্রফেসর ড. প্রদীপ্ত কুমার মিশ্র। তিনি প্রদীপ পজ্জ্বলনে ভারতীয় পরম্পরায় অনুষ্ঠানটির শুভ সূচনা করেন। প্রধান অতিথির আসন অংলকৃত করেন সজনীকান্ত মহাবিদ্যালয়ের অধ্যক্ষ প্রসেফর ড. তপন কুমার দত্ত, বিশিষ্ট অতিথি লোকভাষা প্রচার সমিতির রাষ্ট্রীয় অধ্যক্ষ ড. সদানন্দ দীক্ষিত, ছিলেন কলেজের ড. গগন চন্দ্র দে, মুগবেড়িয়া কলেজের ড. মনোরঞ্জন দাস, মেদিনীপুর কলেজের ড. গিরিধারী পণ্ডা এবং কলেজ পরিচালন সমিতির সম্পাদক শীতল চন্দ্র দে, বাংলা বিভাগীয় প্রধান ড. মৃণাল কান্তি দাস, ড. অনিরুদ্ধ সিনহা প্রমুখ। চর্চাসূত্রের আহ্বায়ক সংস্কৃত বিভাগের প্রধান ড. লক্ষ্মীকান্ত ষড়ঙ্গী, ড. মানস প্রসূন ভট্টাচার্য, ড. মঞ্জু দত্ত সহ সংযোজক হিসেবে উপস্থিত ছিলেন। সংস্কৃত ভাষায় সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সংযোজক অধ্যাপক সত্যেন্দ্রনাথ আদক। প্রায় ১৫টি ভিন্ন বিষয়ক শোধ পত্র উপস্থাপিত হয় বিভিন্ন কলেজের অধ্যাপক ও গবেষকদের দ্বারা। প্রায় ২০০ ছাত্র ছাত্রী উপস্থিত ছিলেন। জাতীয় স্তরের বক্তাদের বক্তব্যের মধ্য দিয়ে "বসুধৈব কুটুম্বকম্" ভাবনার প্রসার ছাত্রছাত্রীদের মনে বিশেষ প্রভাব বিস্তার করে। অনুষ্ঠানে পূর্ণ সহযোগিতা করেন দর্শণ বিভাগীয় প্রধান ড. মৃণাল কান্তি দে। ধন্যবাদ জ্ঞাপনে অনুষ্ঠানের পরিসমাপ্তি করেন অধ্যাপক ভূপেন মণ্ডল।



## পালপাড়া কলেজ বি এড এম এড বিভাগে বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান

যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের বি এড ও এম এড বিভাগের শুক্রবার সেমিনার হলে হয় বাৎসরিক সাংকেতিক অনুষ্ঠান। সভাপতিত্ব করেন অধ্যক্ষ ড: প্রদীপ্ত কুমার মিশ্র, তিনি প্রদীপ প্রজ্জ্বলনের মধ্যে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন। পুরস্কার বিতরণী সভায় বহিরাগত শিল্পী সরমিতা স্তরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।উপস্থিত ছিলেন কলেজের দর্শন বিভাগের ড: মৃনাল কান্তি দে, কলেজ সম্পাদক শীতল চন্দ্র দে প্রমুখ।বি এড বিভাগের প্রধান অধ্যাপক অমিত মাইতি বলেন বি এড ও এম এড বিভাগের বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠান ছাত্র ছাত্রীদের সাংস্কৃতিক বিকাশ ঘটায়। কলেজের ছাত্র ছাত্রী অধ্যাপক অধ্যাপিকা অনুষ্ঠান উপভোগ করেন। সমগ্র অনুষ্ঠানের পরিচালনায় অধ্যাপিকা সমীক্ষা ঘোষ।

সারদা অঞ্চলের পারুলিয়া সংসদে মমতা বন্দ্যোপাধ্যায় তৃণমূল কংগ্রেস প্রার্থী নীতা মাইতির সমর্থনে ডোর টু ডোর প্রচারে সারদা পঞ্চায়েত প্রধান রাকেশ মাইতি।সঙ্গে প্রার্থী নীতা মাইতি ও দলীয় সমর্থকগণ।



নিয়ে যাওয়া হয়েছিল। ... রবিবার রাত ১২ টা কিছু পরে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ ... স্ত্রী আগেই মারা গেছেন। তাঁর এক ছেলে, এ মেয়ে আছেন।

## পালপাড়া কলেজে 'পট ও পটুয়া প্রসঙ্গ মেদিনীপুর' শীর্ষক সেমিনার




১৭ ডিসেম্বর ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের বাংলা ভাষা বিভাগের উদ্যোগে ও পরিচালনায় পট ও পটুয়া প্রসঙ্গ মেদিনীপুর শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয় মঙ্গলবার। সেমিনারের উদ্বোধন করেন কলেজের অধ্যক্ষ ও সেমিনারের সভাপতি ড. প্রদীপ্ত কুমার মিশ্র। স্বাগত ভাষণ দেন বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ড. মৃণালকান্তি দাস। পট ও পটুয়া বিষয়ে তাঁর বক্তব্য ছিল যথেষ্ট মনোগ্রাহী। কর্মশালায় অন্যান্য বক্তাদের মধ্যে ছিলেন অধ্যাপক তুষার চক্রবর্তী, ড. মৃণালকান্তি দে ও ড. সেখ মণিরুল ইসলাম প্রমুখ। পিংলা থানার নয়াগ্রাম থেকে দুঃখুশ্যাম চিত্রকর এবং তার সহযোগী প্রায় ১০ জন তাদের চিত্র প্রদর্শন ও সঙ্গীত পরিবেশন করে। কলেজের ৫০ জন অধ্যাপক ও শিক্ষাকর্মী, ৩০০ ছাত্র, এই কর্মশালায় অংশগ্রহণ করে। প্রশ্নোত্তর পর্ব সঞ্চালনা করেন অধ্যাপক আনন্দমোহন মাইতি ও বনমালী খাটুয়া। সমগ্র অনুষ্ঠানটি সুচারুভাবে সঞ্চালনা করেন অধ্যাপিকা ড. শ্রীমতি পণ্ডিত।

## সেমিফাইন্যালে উঠল বেরাপাড়া

১৭ ডিসেম্বর ঃ কাঁথি মহকুমা ক্রীড়া সংস্থা পরিচালিত সিনিয়ার লীগ ফুটবল প্রতিযোগিতা টেলি টাওয়ার চ্যালেঞ্জ কাপে

# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA

## মৎস্য প্রতিপালন নিয়ে লেকচার প্রোগ্রাম পালপাড়া কলে




আবেশভূমি ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের সেমিনার কক্ষে মহাবিদ্যালয়ের প্রাণী বিভাগ ও আই.কিউ.এ.সি আয়োজিত 'মৎস্য প্রতিপালন' বিষয়ের উপর লেকচার প্রোগ্রাম হয় শনিবার। উপস্থিত ছিলেন অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র। স্বাগত ভাষণে প্রোগ্রাম শুরু হয়। সভায় মুখ্য বক্তা ছিলেন পশ্চিমবঙ্গ সরকারের ডিরেক্টর অফ ফিসারির অ্যাসিস্ট্যান্ট অফিসার সুব্রত ঘোষ। তিনি মৎস্য চাষ ব্যবস্থাপনা, নানা প্রকার মৎস্য চাষ পদ্ধতি, মৎস্য চাষে প্রযুক্তিকরণ, প্রণোদিত প্রজনন ও মৎস্য চাষের লাভজনক উপার্জনের সম্ভাবনা সম্পর্কে সবিস্তার তুলে ধরে সকলকে সমৃদ্ধ করেন। উপস্থিত ছিলেন উদ্ভিদ বিদ্যার বিভাগীয় প্রধান অধ্যাপিকা সায়ন্তী বাগচী, প্রাণী বিদ্যা বিভাগীয় প্রধান, অধ্যাপক অয়ন কুমার ভূঁঞ্যা, বাংলা বিভাগের বিভাগী প্রধান ড. মৃণালকান্তি দ অধ্যাপিকা অমিতা দ লাইব্রেরিয়ান সত্যব্রত সা অন্যান্য অধ্যাপিকা অধ্যাপকগণ। লেক প্রোগ্রামে প্রায় শতাধিক ছা ছাত্রী অংশগ্রহণ করেছিল

## পালপাড়া কলেজে মাছ চাষের প্রশিক্ষণ শিবির



গাছে জল দিয়ে অনুষ্ঠানের সূচনায় অধ্যক্ষ ড. প্রদীপ্তকুমার মিশ্র-সহ অন্যরা।

স্টাফ রিপোর্টার, কাঁথি: উন্নত প্রযুক্তিতে মাছ চাষ সম্পর্কে সাত দিনের প্রশিক্ষণ শিবির শুরু হল পটাশপুরের পালপাড়া কলেজে। যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগ ও আইকিউএসি-এর যৌথ উদ্যোগে সাত দিন ব্যাপী এই প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। সোমবার কলেজের সেমিনার হলে এই কর্মসূচির সূচনা করেন কলেজের অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র। এদিনের মুখ্য বক্তা ছিলেন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের ফিসারী সাইন্স বিভাগের অধ্যাপক ডা. বাসুদেব মণ্ডল। এছাড়াও ছিলেন দর্শন বিভাগের বিভাগীয় প্রধান ডা. মৃণাল কান্তি দে, আইকিউএসি কো অর্ডিনেটর ডা. অনিরুদ্ধ সিনহা, প্রোগ্রাম কো-অর্ডিনেটর অয়ন কুমার ভুঁইয়া। ১৫ মে থেকে ২২ মে পর্যন্ত সাত দিন ব্যাপী এই প্রশিক্ষণ শিবিরে ১১০ জনেরও বেশি ছাত্রছাত্রী অংশগ্রহণ করেছে। প্রাণিবিদ বিভাগের সহযোগিতায় হয় এ কর্মশালা। পড়ুয়াদের উন্নত প্রযুক্তিে মাছ চাষ সম্পর্কে জানাতে কলে কর্তৃপক্ষের এই আয়োজন।

ছবি : প্রতিদিন

## পালপাড়া কলেজে
## যোগ ও প্রাণায়াম বিষয়ক সেমিনার

স্টাফ রিপোর্টার : যোগদা সৎসঙ্গ পালপাড়া কলেজ শুক্রবার যোগ মেডিটেশন বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সহযোগী ছিল সবং সজনীকান্ত মহাবিদ্যালয়। উদ্বোধন করেন অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র। মঙ্গলাচরণ করেন— ডঃ লক্ষ্মীকান্ত ষড়ঙ্গী। পরিচালন সমিতির সভাপতি স্বামী অচ্যুতানন্দ গিরি সভাপতিত্ব করেন। অধ্যাপক ব্রজকিশোর সাঁই, ডঃ অনিরুদ্ধ সিনহা, ডঃ তুষার কান্তি মণ্ডল, কলেজের সম্পাদক শীতলচন্দ্র দে, অধ্যাপক ভুপেন মণ্ডল, অধ্যাপক মানস প্রসূন ভট্টাচার্য্য, অধ্যাপিকা তন্ময়ী ভট্টাচার্য্য প্রমুখ বিষয় বিশ্লেষণ করেন। ডঃ তুষারকান্তি মণ্ডল ও অধ্যাপিকা তন্ময়ী ভট্টাচার্য্যের যৌথ সম্পাদনায় 'ডিজিটালাইজেশান অব হায়ার এডুকেশান ইণ্ডিয়া' বইটি প্রকাশ করা হয়। এছাড়া ডঃ শ্রীমতী পণ্ডিতের লেখা 'পটাশপুর একটি আলোকিত অধ্যায়' বইটি এদিন প্রকাশ করা হয়। ধন্যবাদ জানান, সত্যেন্দ্রনাথ আদক। সঞ্চালক ছিলেন— অধ্যাপিকা মঞ্জু দত্ত ও অধ্যাপিকা শ্রীমতী রায়।

## পালপাড়া কলেজে ৭দিনের উন্নত প্রযুক্তির মাছ চাষের প্রশিক্ষণ






# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA



পালপাড়া কলেজে বাংলা বিভাগ আয়োজিত আন্তর্জাতিক আলোচনাচক্র





পালপাড়া কলেজে ভারতীয় দর্শন নিয়ে ৭দিনের জাতীয় স্তরের ওয়ার্কশপের উদ্বোধন



পালপাড়া কলেজে পেশাগত সুযোগ ও দক্ষতা বৃদ্ধি শীর্ষক সেমিনার

# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA



## পালপাড়া কলেজে ১০ দিনের কথ্য-সংস্কৃত-ভাষা-শিক্ষণ কর্মশালার উদ্বোধন

Posted On : May 18, 2023 Published By : Dainik Aabeshbhumi

গৌরীশংকর মহাপাত্র : দৈনিক আবেশভূমি : মেদিনীপুর পূর্ব পশ্চিম। যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের সংস্কৃত বিভাগ ও লোকভাষা প্রচার সমিতির যৌথ উদ্যোগে ১৮ই মে থেকে ৩০শে মে -২৩ পর্যন্ত ১০দিনের 'স্পোকেন সংস্কৃত' কর্মশালার শুভ সূচনা হয় বৃহস্পতিবার।প্রদীপ প্রজ্জ্বলন ও বৈদিক মন্ত্রোচ্চারণের মাধ্যমে এই কর্মশালার শুভ উদ্বোধন করেন সভার সভাপতি কলেজ অধ্যক্ষ প্রফেসর ড. প্রদীপ্ত কুমার মিশ্র, প্রধান অতিথির আসন অলংকৃত করেন দর্শন বিভাগীয় প্রধান ড. মৃণাল কান্তি দে। গৌরবময় উপস্থিতে সংস্কৃত বিভাগের প্রধান ড. লক্ষ্মীকান্ত ষড়ঙ্গী,সংস্কৃত অধ্যাপক ভূপেন মণ্ডল, ড. মানস প্রসূন ভট্টাচার্য, সত্যেন্দ্র নাথ আদক এবং ড. মঞ্জুশ্রী দত্ত প্রমুখ।স্নাতক ও শিক্ষক শিক্ষণ বিভাগের প্রায় ৮৫ ছাত্র-ছাত্রীর উপস্থিতিতে দেব নাগরি সংস্কৃত ভাষাকে লোকভাষাতে পরিণত করার জন্য আচার্য সুশোভন সিনহা মহাপাত্র পাঠ দান করেন। সংস্কৃত বিভাগের উদ্যোগে অনুষ্ঠিত এই কর্মশালায় প্রাচীন সমৃদ্ধশালি দেবনাগরী ভাষা চর্চা ও তার উচ্চারণ পদ্ধতির গাম্ভীর্য যথাযথ শিক্ষণের ভূয়সী প্রশংসা করেন অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র, তিনি শেষে উপস্থিত সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।



## পালপাড়া কলেজে একদিনের স্পষ্ট সেক্সুচুয়াল হেরাসমেন্ট সচেতনতা শিবির



## পালপাড়া কলেজে ন্যাক স্বীকৃতি ও মূল্যায়ন সম্বন্ধে সচেতনতা মূলক একদিনের কর্মশালা



## সবংএর গ্রামে পালপাড়া কলেজ প্রাক্তনী সংসদের চারা বিতরণ

# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA

## পালপাড়া কলেজে শিক্ষা বিজ্ঞান বিভাগের আলোচনা সভায় নারীর ক্ষমতায়ন





## পালপাড়া কলেজে আধুনিক তথ্য ব্যবস্থাপনা বিষয়ক আন্তর্জাতিক আলোচনা সভা







## পালপাড়া কলেজে ভূগোল বিভাগের বহুমুখী কর্মসূচি







দৈনিক আবেশভূমি

## পালপাড়া কলেজে ৭ দিনের যোগ বিষয়ক কর্মশালা



আবেশভূমি : যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের সংস্কৃত বিভাগ ও যোগদা সৎসঙ্গ সোসাইটি অফ ইন্ডিয়ার যৌথ উদ্যোগে ৭ দিনের একটি যোগ কর্মশালার শুভ উদ্বোধন হয় বুধবার। ভারতীয় মনস্কতায় ব্যক্তিত্ব বিকাশ ও মানসিক অবসাদ নিয়ন্ত্রণে যোগের ভূমিকা বিষয়ে ১০ই মে থেকে ১৭ মে পর্যন্ত কর্মশালার আয়োজন করা হয়। প্রদীপ প্রজ্জ্বলন এবং যোগানন্দের প্রতিকৃতিতে মাল্যদানে কর্মশালার শুভ উদ্বোধন করেন কলেজের পরিচালন সমিতির সভাপতি স্বামী অচ্যুতানন্দ গিরি মহারাজ। প্রধান অতিথি আসন অলঙ্কৃত করেন কলেজের সম্পাদক শীতল চন্দ্র দে। উপস্থিত ছিলেন আই কিউ এ সি কো - অর্ডিনেটর ড. অনিরুদ্ধ সিনহা, দর্শন বিভাগের বিভাগীয় প্রধান ড. মৃণালকান্তি দে, গভর্নিং বডির সদস্য রঞ্জন ঠাকুর, সংস্কৃত বিভাগীয় প্রধান ড. লক্ষ্মীকান্ত ষড়ঙ্গী প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র। অনুষ্ঠান পরিচালনা করেন বিভাগীয় অধ্যাপক ভূপেন মণ্ডল। সংস্কৃত বিভাগের ঐকান্তিক প্রচেষ্টায় ও সহযোগিতায় পূর্ণতা পায় এই কর্মশালা। ছাত্র - ছাত্রীদের ব্যক্তিত্ব বিকাশে ও আত্ম মন সংযোগ বৃদ্ধির জন্য কলেজ কর্তৃপক্ষের এই মহতী আয়োজন। এই কর্মশালায় ১৭৮জন ছাত্র - ছাত্রী অংশগ্রহণ করেন। এছাড়া বিভিন্ন বিভাগীয় অধ্যাপক অধ্যাপিকাদের উপস্থিতি অনুষ্ঠানের শ্রীবৃদ্ধি করে।

# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA

## পালপাড়া কলেজে
## যোগ ও প্রাণায়াম বিষয়ক সেমিনার

স্টাফ রিপোর্টার : যোগদা সৎসঙ্গ পালপাড়া কলেজ শুক্রবার যোগ মেডিটেশান বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সহযোগী ছিল সবং সজনীকান্ত মহাবিদ্যালয়। উদ্বোধন করেন অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র। মঙ্গলাচরণ করেন— ডঃ লক্ষ্মীকান্ত ষড়ঙ্গী। পরিচালন সমিতির সভাপতি স্বামী অচ্যুতানন্দ গিরি সভাপতিত্ব করেন। অধ্যাপক ব্রজকিশোর সাঁই, ডঃ অনিরুদ্ধ সিনহা, ডঃ তুষার কান্তি মণ্ডল, কলেজের সম্পাদক শীতলচন্দ্র দে, অধ্যাপক ভূপেন মণ্ডল, অধ্যাপক মানস প্রসূন ভট্টাচার্য্য, অধ্যাপিকা তন্ময়ী ভট্টাচার্য্য প্রমুখ বিষয় বিশ্লেষণ করেন। ডঃ তুষারকান্তি মণ্ডল ও অধ্যাপিকা তন্ময়ী ভট্টাচার্য্যের যৌথ সম্পাদনায় 'ডিজিটালাইজেশান অব হায়ার এডুকেশান ইণ্ডিয়া' বইটি প্রকাশ করা হয়। এছাড়া ডঃ শ্রীমতী পণ্ডিতের লেখা 'পটাশপুর একটি আলোকিত অধ্যায়' বইটি এদিন প্রকাশ করা হয়। ধন্যবাদ জানান, সত্যেন্দ্রনাথ আদক। সঞ্চালক ছিলেন— অধ্যাপিকা মঞ্জু দত্ত ও অধ্যাপিকা শ্রীময়ী রায়।

## ভারতীয় সংস্কৃতিতে ভাগবত গীতার অবদান শীর্ষক আলোচনা

স্টাফ রিপোর্টার : গীতা জয়ন্তী উপলক্ষে যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ে আশীষ মার্গে গুরুবাসরে সংস্কৃত বিভাগে পরিচালনায় বৃহস্পতিবার এক দিবসীয় অনলাইন আলোচনা চক্র অনুষ্ঠিত হয়। আলোচ্য বিষয় ছিল ভারতীয় সংস্কৃতিতে শ্রীমদ ভগবত গীতার অবদান। এই সভায় সভাপতিত্ব করেন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র। আলোচক ছিলেন মায়াপুরের চৈতন্য ভাগবত মঠের আচার্য্য ও সবাপতি ত্রিদণ্ডী স্বামী ভক্তিসমাধি বাগবৎ গোস্বামী মহারাজ, ঝাড়খণ্ডের নেতাজী সুভাষ মুক্ত বিশ্ব বিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য্য ডঃ গৌরাঙ্গচরণ নন্দ, পুরীর জগন্নাথ সংস্কৃত মহাবিদ্যালয়ের ধর্মশাস্ত্র বিভাগের প্রাক্তন অধ্যক্ষ ডঃ ব্রজকিশোর সাঁই প্রমুখ। অন্যান্যদের মধ্যে ছিলেন ডঃ অনিরুদ্ধ সিনহা, ডঃ মৃণালকান্তি দে প্রমুখ। অনলাইন এই আলোচনায় অধ্যাপক শিক্ষক ছাত্রছাত্রী মিলে দুই শতাধিক অংশ গ্রহণ করেন।

## ভারতীয় সংস্কৃতিতে গীতার অবদান শীর্ষক জাতীয় সেমিনার পালপাড়া কলেজে

আবেশভূমি : গীতা জয়ন্তী উপলক্ষে যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ে মার্গশীর্ষ মাসের গুরু বাসরে সংস্কৃত বিভাগের পরিচালনায় এক দিনের জাতীয় স্তরে অনলাইন আলোচনা চক্র সম্পন্ন হয় বৃহস্পতিবার। আলোচনা চক্রের মূখ্য বিষয় 'ভারতীয় সংস্কৃতিতে শ্রীমৎ ভাগবত গীতার অবদান" উক্ত চর্চায় সভাপতিত্ব করেন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র, বক্তা হিসেবে উপস্থিত ছিলেন শ্রীমায়াপুর শ্রীচৈতন্য ভাগবত মঠের আচার্য ও সভাপতি ত্রিদণ্ডী স্বামী ভক্তি সমাধি ভাগবত গোস্বামী মহারাজ, ঝাড়খণ্ড নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ড. গৌরাঙ্গচরণ নন্দ, পুরীর জগন্নাথ সংস্কৃত বিশ্ববিদ্যালয়ের ধর্ম শাস্ত্র বিভাগের প্রাক্তন অধ্যক্ষ ড. ব্রজকিশোর সাঁই প্রমুখ। এছাড়া উপস্থিত ছিলেন কলেজের আই কিউ এ সি কো - অর্ডিনেটর অধ্যাপক ড. অনিরুদ্ধ সিন্‌হা, ড. মৃণালকান্তি দে সহ কলেজের অধ্যাপক - অধ্যাপিকাগণ। আলোচনা চক্রে বিভিন্ন প্রদেশের প্রায় ২০০জন অধ্যাপক গবেষক ও ছাত্র - ছাত্রী অংশগ্রহণ করেন। শেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানান অনুষ্ঠানের সভাপতি কলেজের অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র।

## ভারতীয় সংস্কৃতিতে বিশ্ব বন্ধুত্ব, সেমিনার পালপাড়া কলেজে

স্টাফ রিপোর্টার : পটাশপুর-১ ব্লকের যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের সংস্কৃত বিভাগ এবং আই কিউ এ সি-র পরিচালনায়,সবং সজনীকান্ত মহাবিদ্যালয় ও লোকভাষা প্রচার সমিতির যৌথ উদ্যোগে ভারতীয় সংস্কৃতিতে বিশ্ব বন্ধুত্ব বিষয়ক এক দিনের জাতীয় স্তরের আলোচনা চক্র শনিবার কলেজের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। কলেজের অধ্যক্ষ ড.প্রদীপ্ত কুমার মিশ্র প্রদীপ প্রজ্জ্বলন করে অনুষ্ঠানটির সূচনা করেন। প্রধান অতিথি হিসেবে সবং সজনীকান্ত মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. তপন কুমার দত্ত, বিশিষ্ট অতিথি হিসেবে লোকভাষা প্রচার সমিতির রাষ্ট্রিয় অধ্যক্ষ ড.সদানন্দ দীক্ষিত,সবং কলেজের ড.গগন চন্দ্র দে, মুগবেড়িয়া কলেজের ড.মনোরঞ্জন দাস, মেদিনীপুর কলেজের ড.গিরিধারী পণ্ডা এবং পালপাড়া মহাবিদ্যালয়ের পরিচালন সমিতির সম্পাদক শীতল চন্দ্র দে সহ ড.মৃণাল কান্তি দাস ও ড.অনিরুদ্ধ সিনহা প্রমুখ উপস্থিত ছিলেন। চর্চাসত্রের আহ্বায়ক সংস্কৃত বিভাগের প্রধান ড.লক্ষ্মীকান্ত ষড়ঙ্গী, ড. মানস প্রসূন ভট্টাচার্য, ড. মঞ্জু দত্ত সহ-সংযোজক হিসেবে উপস্থিত ছিলেন। সংস্কৃত ভাষায় সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সংযোজক অধ্যাপক সত্যেন্দ্রনাথ আদক। প্রায় ১৫ টি ভিন্ন বিষয়ক শোধ পত্র উপস্থাপিত হয় বিভিন্ন কলেজের অধ্যাপক ও গবেষকদের দ্বারা। দু'শতাধিক ছাত্রছাত্রী এতে অংশ নেন। জাতীয় স্তরের বক্তাদের বক্তব্যে মধ্য দিয়ে বসুধৈব কুটুম্বকম্ ভাবনার প্রসার ছাত্রছাত্রীদের মনে বিশেষ প্রভাব বিস্তার করে।

# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA

## পালপাড়া কলেজে চারটি ভাষায় ক্যুইজ

স্টাফ রিপোর্টার : পটাশপুর-১ ব্লকের যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের সংস্কৃত ও ফিলোজফি বিভাগের যৌথ উদ্যোগে সোমবার দুপুরে চারটি ভাষার মাধ্যমে ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বাংলা, সংস্কৃত, ইংরাজী ও হিন্দী এই চারটি ভাষায় ক্যুইজ অনুষ্ঠিত হয়। এই কর্মসূচীকে শুভেচ্ছা জানান কলেজের অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র, দর্শন বিভাগের প্রধান ডঃ মৃণালকান্তি দে। কার্যক্রম পরিচালনা করেন সংযোজক অধ্যাপক ডঃ মানস প্রসূন ভট্টাচার্য্য। সংস্কৃত ভাষায় ডঃ লক্ষীকান্ত ষড়ঙ্গী, হিন্দী ভাষায় অধ্যাপক মোহন গুপ্ত, বাংলা ভাষায় অধ্যাপক সত্যেন্দ্রনাথ আদক, ইংরাজী ভাষায় অধ্যাপক রজত মিশ্র ক্যুইজ পরিচালনা করেন। মঞ্চে উপস্থিত ছিলেন অধ্যাপক ভূপেন মণ্ডল, অধ্যাপিকা অমিতা দাশ, ডঃ মঞ্জু দত্ত। ১১টি বিভাগের প্রতিযোগিতায় প্রথম যোগানন্দ বিভাগ, দ্বিতীয় জনার্দন বিভাগ ও তৃতীয় বাল্মীকি বিভাগ।

## পালপালা কলেজে সংস্কৃত কর্মশালা

স্টাফ রিপোর্টার : যোগদা সৎসঙ্গ পালপাড়া কলেজের সংস্কৃত বিভাগ ও লোকভাষা প্রচার সমিতির যৌথ উদ্যোগে ১০ দিনের 'স্পোকেন সংস্কৃত' কর্মশালা চলছে। বৃহস্পতিবার কর্মশালা শুরু হয়। উদ্বোধন করেন— কলেজের অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র। প্রধান অতিথি ছিলেন— কলেজের দর্শন বিভাগের অধ্যাপক ডঃ মৃণালকান্তি দে। উপস্থিত ছিলেন— সংস্কৃত বিভাগের প্রধান ডঃ লক্ষীকান্ত ষড়ংগী, অধ্যাপক ভূপেন মণ্ডল, অধ্যাপক সত্যেন আদক, অধ্যাপক ডঃ মানস ভট্টাচার্য্য, অধ্যাপিকা ডঃ মঞ্জু দত্ত প্রমুখ।

## পালপাড়া কলেজে
## ১০ দিনের স্পোকেন সংস্কৃত



## পালপাড়া কলেজে আলোচনা সভা

স্টাফ রিপোর্টার : পটাশপুরের যোগদা সৎসঙ্গ পালপাড়া মহা বিদ্যালয়ের সংস্কৃত বিভাগের পক্ষ থেকে সোমবার একটি আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় ছাত্রছাত্রী সহ অভিভাবকরাও আমন্ত্রিত ছিলেন। কলেজের সংস্কৃত বিভাগের ছাত্রছাত্রীর সংখ্যা ৩০০ জন। সভায় ১৬০ জন অভিভাবক উপস্থিত ছিলেন। শিক্ষা ক্ষেত্রে বিভিন্ন ধরণের প্রস্তুতি এবং ছাত্রছাত্রীদের লক্ষ্য নিয়ে সভায় অধ্যাপকবৃন্দ আলোচনা করেন। সভায় সভাপতিত্ব করেন অধ্যাপক ডঃ সেক মনিরুল ইসলাম। বক্তব্য রাখেন সংস্কৃত বিভাগের অধ্যাপক ডঃ লক্ষীকান্ত ষড়ঙ্গী, অধ্যাপক ভূপেন মণ্ডল, অধ্যাপক ডঃ মানস প্রসূন ভট্টাচার্য্য, ডঃ মঞ্জু দত্ত প্রমুখ। সভার সঞ্চালক ছিলেন সত্যেন্দ্রনাথ আদক। সভায় উপস্থিত অন্যতম এক অভিভাবক বুদ্ধদেব মাইতি বলেন এধরণের সভায় ছাত্রছাত্রী এবং অভিভাবকরা উভয়ে উপকৃত হবেন।

# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA

## পালপাড়া কলেজে প্রফেশন্যাল ডেভলপমেন্ট অব টিচার্স কোর্স

স্টাফ রিপোর্টার ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের বি.এড এবং এমএড বিভাগের আয়োজনে মঙ্গলবার একটি সার্টিফিকেট কোর্স এর উদ্বোধন হয়। বিষয় প্রফেশন্যাল ডেভলপমেন্ট অব টিচার্স। সাত দিনের এই কোর্সে প্রায় দুই শাতাধিক শিক্ষার্থী, অধ্যাপক, অধ্যাপিকা অংশ নেন। শিবিরের সূচনা করেন ও স্বাগত বক্তব্য রাখেন অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত মিশ্র। উপস্থিত ছিলেন কলেজের সেক্রেটারী শীতল দে, কোষাধ্যক্ষ তথা সংশ্লিষ্ট বিভাগের অধ্যাপক সেক মনিরুল ইসলাম, বিভাগীয় প্রধান ডঃ অমিত মাইতি, ডঃ মৃণালকান্তি দে, বিদ্যাসাগর টিচার্স ট্রেনিং কলেজের অধ্যক্ষ ডঃ মনোরঞ্জন ভৌমিক, ডঃ গৌরাঙ্গ চরণ নন্দ, বিভাগীয় প্রধান ডঃ অমিত মাইতি। রিসেন্ট ট্রেণ্ডস ইন টিচার্স ট্রেনিং বিষয়ে বক্তব্য রাখেন ডঃ মনোরঞ্জন ভৌমিক। মাইক্রো টিচিং সম্পর্কে বক্তব্য রাখেন বিভাগীয় প্রধান ডঃ অমিত মাইতি। রোল অব টিচার্স এডুকেশান ইন মডার্ণ এরা বিষয়ে বক্তব্য রাখেন ডঃ গৌরাঙ্গচরণ নন্দ। ধন্যবাদ জ্ঞাপন করেন অধ্যাপিকা তন্ময়ী ভট্টাচার্য্য।

## পালপাড়া কলেজে ফাইন আর্টস বিষয়ে ৭ দিনের প্রশিক্ষণ শিবির

স্টাফ রিপোর্টার ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের আই কিউ এ সির সহযোগিতায় বি.এড বিভাগের আয়োজনে ফাইন আর্টস বিষয়ে সাত দিনের সার্টিফিকেট কোর্সের সূচনা হয় সোমবার। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র, ফিলোজফি বিভাগের প্রধান ডাঃ মৃণালকান্তি দে, বি.এড বিভাগের প্রধান ডঃ সেক মনিরুল ইসলাম, ইন্দিরা গান্ধী মেমোরিয়াল বি.এড কলেজের প্রফেসার দেবাশিষ পাত্র প্রমুখ। সূচনা মূলক বক্তব্য রাখেন ডঃ অমিত কুমার মাইতি। শতাধীক শিক্ষার্থী শিবিরে অংশ নিয়েছেন। ফাইন আর্টস এর নানা তথ্য তুলে ধরেন বক্তারা। ফাইন আর্টস বিভাগের প্রধান তন্ময় বেরা অনুষ্ঠান পরিচালনা করেন।

## পালপাড়া কলেজে এন এস এসের বিশেষ শিবির




০৫ ফেব্রুয়ারী ঃ পটাশপুর -১ ব্লকের যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ে সমস্ত হলো সাত দিন ব্যাপী উইন্টার ক্যাম্প। এটি আয়োজিত হয়েছিল কলেজের এন এস এস তথা জাতীয় সেবা প্রকল্প ইউনিট দ্বারা। অনুষ্ঠানটির শুভ উদ্বোধন হয় ৩০ শে জানুয়ারী। এই শিবিরে ৪৫ জন স্বেচ্ছাসেবী সহ চারজন প্রোগ্রাম অফিসার, অধ্যাপক শ্রীময়ী রায়, সৌমেন রায়, মোহন গুপ্তা এবং সুজিত মন্ডল অংশগ্রহণ করেছিলেন। কলেজের দত্তক নেওয়া গোনাড়া গ্রামে সাত দিন ধরে চলে সমাজ সচেতনতা, স্বাস্থ্য সচেতনতা, বৃক্ষরোপণ, ডেঙ্গু সচেতনতা, গোনাড়া প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র - ছাত্রীদের নিয়ে খেলাধূলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান সহ নানা কর্মসূচী। এদিন সমাপ্তি অনুষ্ঠানে পৌরোহিত্য করেন মহাবিদ্যালয় এর অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র। এন এস এস বিভাগের ছাত্র - ছাত্রীরা একটি জনসচেতনতামূলক এবং চিত্তাকর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে এই কর্মসূচীর সমাপ্তি হয়।

## পালপাড়া কলেজে মোবাইল ফোনের সুফল ও কুফল নিয়ে কর্মশালা

স্টাফ রিপোর্টার ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া কলেজের জাতীয় সেবা প্রকল্পের উদ্দ্যোগে মোবাইল ফোনের সুফল ও কুফল নিয়ে একটি বিশেষ কর্মশালা সোমবার অনুষ্ঠিত হয়। বক্তা ছিলেন কলেজের দর্শন বিভাগের বিভাগীয় প্রধান ডঃ মৃণালকান্তি দে, এন এস এস এর প্রোগ্রাম অফিসার বিনোদ কুমার সর্দার, ভুগোল বিভাগের অধ্যাপিকা অর্পিতা সামন্ত, এন এস এস প্রোগ্রাম অফিসার ভুপেন মণ্ডল প্রমুখ। বক্তারা মোবাইল ও ইন্টারনেটের মন্দ প্রভাব নিয়ে আলোচনা করেন। ছাত্রছাত্রীসহ সাধারণ মানুষের হাতে ইন্টারনেট যুক্ত মোবাইল ফোন যেমন কিছু সুফল পেয়েছে তেমনি মন্দ প্রভাবও ফেলছে। সেই মন্দ প্রভাব থেকে ছাত্রছাত্রী ও সাধারণ মানুষকে সচেতন করতে এই কর্মশালা। অনুষ্ঠানের সঞ্চালক ছিলেন ইংরাজী বিভাগের প্রধান অধ্যাপক সুজিত মণ্ডল।

# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA

## পালপাড়া কলেজে জাতীয় সেবা প্রকল্পের কর্মসূচী

স্টাফ রিপোর্টার : পালপাড়া যোগদা সৎসঙ্গ মহা বিদ্যালয়ের সাত দিনের শীতকালীন শিবির সোমবার শেষ হয়। কলেজের এন.এস.এস ইউনিয়নের উদ্যোগে ক্যাম্পটি অনুষ্ঠিত হয়। সাত দিন ব্যাপী ৪৫ জন স্বেচ্ছাসেবী সহ চারজন প্রোগ্রাম অফিসার যথাক্রমে অধ্যাপক শ্রীময়ী রায়, সৌমেন রায়, মোহন গুপ্তা, সুজিত মণ্ডল অংশ নেন। কলেজের দত্তক নেওয়া গোনাড়া গ্রামে সাত দিন ধরে সমাজ সচেতনতা, স্বাস্থ্য সচেতনতা, বৃক্ষরোপন, ডেঙ্গু সচেতনতা, গোনাড়া প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন ছিল। সমাপ্তি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র। শেষে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

## ক্রিকেট প্রতিযোগিতা

স্টাফ রিপোর্টার : যোগদা সৎসঙ্গ পালপাড়া কলেজের আই.কিউ.এ.সি-র পৃষ্ঠপোষকতায় সোস্যাল ইনভলমেন্ট প্রোগ্রাম কমিটি এবং স্পোর্টস কমিটির যৌথ উদ্যোগে আট দলীয় নক আউট ক্রিকেট প্রতিযোগিতার শুক্রবার উদ্বোধন হয়। দু'দিন চলবে এই প্রতিযোগিতা। বাগনান, খড়গপুর, তারকেশ্বর সহ বিভিন্ন আঞ্চলিক টীম প্রতিযোগিতায় অংশ নিয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত মিশ্র। উপস্থিত ছিলেন— আই.কিউ.এস.সি-র কো-অর্ডিনেটর ডঃ অনিরুদ্ধ সিনহা, সোস্যাল ইনভলমেন্ট কমিটির কনভেনার শ্রীময়ী রায়, গৌতম নায়েক, আবদুল আহাদ আলি প্রমুখ। কলেজের ইংরাজী বিভাগের প্রধান সুজিত মণ্ডল ও পালপাড়া ক্রিকেট একাদশের সদস্য দেবপ্রতিম জানার উদ্যোগে প্রতিযোগিতা সার্থক হয়।

## পালপাড়া কলেজে দু দিনের ক্রিকেট প্রতিযোগিতা

আবেশভূমি : পালপাড়া মহাবিদ্যালয়ের আই কিউ এ সির পৃষ্ঠপোষকতায়, সোশ্যাল ইনভলভমেন্ট প্রোগ্রাম কমিটি এবং স্পোর্টস কমিটির যৌথ উদ্যোগে আয়োজিত হয়েছে দুই দিনের ৮ দলীয় নকআউট ক্রিকেট প্রতিযোগিতা হয় শনিবার। এই প্রতিযোগিতায় বাগনান, খড়গপুর, তারকেশ্বর সহ বিভিন্ন দূরবর্তী খেলোয়াড়ের পাশাপাশি অংশগ্রহণ করে আঞ্চলিক খেলোয়াড়রাও। মোবাইল গেম ছেড়ে যুবকদেরকে মাঠ মুখি করতে এবং সমাজের প্রতি মহাবিদ্যালয় এর দায়বদ্ধতায় এই উদ্যোগ। আজ উদ্বোধনী অনুষ্ঠানে পৌরহিত্য করেন মহাবিদ্যালয় এর অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আইকিউএসি এর কো-ওর্ডিনেটর ডক্টর অনিরুদ্ধ সিনহা, সোশ্যাল ইনভলভমেন্ট কমিটির কনভেনার শ্রীময়ী রায়, গ্রন্থাগারিক সত্যব্রত সাহু, অধ্যাপক সুজিত মণ্ডল, সমাজসেবী আব্দুল আহাদ আলী প্রমুখ।

## পালপাড়া কলেজে রক্তদান শিবির ও আবৃত্তি কর্মশালা



২৮ ফেব্রুয়ারী : রক্তের সংকট মেটাতে এগিয়ে এল কলেজ পড়ুয়ারা। মঙ্গলবার যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ে একটি রক্তদান শিবির অনুষ্ঠিত হল। কলেজের এন এস এস, আই সি সি এস ও এস আই পি ইউনিটের উদ্যোগে এই রক্তদান শিবিরের আয়োজন করা হয়। রক্ত সংগ্রহ করে এগরা ব্লাড ব্যাঙ্ক। শিবিরে রক্তদাতাদের উৎসাহ ছিল চমকপ্রদ। এদিন ১৬ জন ছাত্র ও ১৪ জন ছাত্রী মিলে মোট ৩০ জন রক্তদান করেন। রক্তদাতাদের পুষ্প স্তবক ও শংসাপত্র দিয়ে অভিনন্দন জানানো হয় কলেজের পক্ষ থেকে। এছাড়াও এদিন কলেজের সেমিনার হলে ৭ দিনের আবৃত্তি কর্মশালার শুভ সূচনা হয়। বাংলা বিভাগের উদ্যোগে এই আবৃত্তি কর্মশালার আয়োজন করা হয়। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করেন দর্শন বিভাগের প্রধান ড. মৃণালকান্তি দে। এই আলোচনা সভায় মোট ১০০ জন পড়ুয়াকে কাব্য প্রশিক্ষণ দেওয়া হবে। সমগ্র অনুষ্ঠানের পরিচালনা করেন বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ড. মৃণালকান্তি দাস।

শ্রীরামকৃষ্ণ মেডিক্যাল হল

# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA

## পালপাড়া কলেজে জাতীয় সেবা প্রকল্পের কর্মসূচী

স্টাফ রিপোর্টার ঃ পালপাড়া যোগদা সৎসঙ্গ মহা বিদ্যালয়ের সাত দিনের শীতকালীন শিবির সোমবার শেষ হয়। কলেজের এন.এস.এস ইউনিয়নের উদ্দ্যোগে ক্যাম্পটি অনুষ্ঠিত হয়। সাত দিন ব্যাপী ৪৫ জন স্বেচ্ছাসেবী সহ চারজন প্রোগ্রাম অফিসার যথাক্রমে অধ্যাপক শ্রীময়ী রায়, সৌমেন রায়, মোহন গুপ্তা, সুজিত মণ্ডল অংশ নেন। কলেজের দত্তক নেওয়া গোনাড়া গ্রামে সাত দিন ধরে সমাজ সচেতনতা, স্বাস্থ্য সচেতনতা, বৃক্ষরোপন, ডেঙ্গু সচেতনতা, গোনাড়া প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে খেলাধূলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন ছিল। সমাপ্তি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র। শেষে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

## কলেজে ক্রিকেট

**পটাশপুর:** আটদলীয় ক্রিকেট প্রতিযোগিতা হল পটাশপুরে। যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের ক্রীড়া বিভাগের উদ্যোগে শুক্রবার কলেজ মাঠে খেলা হয়। চ্যাম্পিয়ন হয়েছে বাগনান সানফ্লাওয়ার। রানার্স মোহাড় শান্তনু কনস্ট্রাকশন। চ্যাম্পিয়ন দলের পুরস্কার ছিল ১০ হাজার টাকা। রানার্স দলের সাত হাজার টাকা। পুরস্কার দেন কলেজের অধ্যক্ষ প্রদীপ্তকুমার মিশ্র।

## ক্রিকেট প্রতিযোগিতা

স্টাফ রিপোর্টার ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া কলেজের আই.কিউ.এ.সি-র পৃষ্ঠপোষকতায় সোস্যাল ইনভলমেন্ট প্রোগ্রাম কমিটি এবং স্পোর্টস কমিটির যৌথ উদ্যোগে আট দলীয় নক আউট ক্রিকেট প্রতিযোগিতার শুক্রবার উদ্বোধন হয়। দু'দিন চলবে এই প্রতিযোগিতা। বাগনান, খড়গপুর, তারকেশ্বর সহ বিভিন্ন আঞ্চলিক টীম প্রতিযোগিতায় অংশ নিয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত মিশ্র। উপস্থিত ছিলেন— আই.কিউ.এস.সি-র কো-অর্ডিনেটর ডঃ অনিরুদ্ধ সিনহা, সোস্যাল ইনভলমেন্ট কমিটির কনভেনার শ্রীময়ী রায়, গৌতম নায়েক, আবদুল আহাদ আলি প্রমুখ। কলেজের ইংরাজী বিভাগের প্রধান সুজিত মণ্ডল ও পালপাড়া ক্রিকেট একাদশের সদস্য দেবপ্রতিম জানার উদ্যোগে প্রতিযোগিতা সার্থক হয়।

## পালপাড়া কলেজে প্রান্তিক সাহিত্য বিষয়ে সেমিনার

স্টাফ রিপোর্টার ঃ পটাশপুর থানার যোগদা সৎসঙ্গ পালপাড়া কলেজের ইংরাজী বিভাগের আয়োজনে 'প্রান্তিক গোষ্ঠির সাহিত্য চর্চা অতীত বর্তমান ও ভবিষ্যত' বিষয়ে একটি আলোচনা চক্র অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন অধ্যক্ষ ডাঃ প্রদীপ্ত কুমার মিশ্র। বিষয় বিশ্লেষণ করেন— বিদ্যাসাগর বিশ্ব বিদ্যালয়ের ইংরাজী বিভাগের অধ্যাপক শুভেন্দু শেখর নস্কর। তিনি বর্তমান আর্থসামাজীক এবং রাজনৈতিক প্রেক্ষাপটে দলিত সাহিত্যের গুরুত্ব তুলে ধরেন। অন্যান্য বক্তাদের মধ্যে ছিলেন মেঘালয়ের নর্থ-ইস্ট হিল ইউনিভার্সিটির অধ্যাপক ডঃ সোমজ্যোতি মৃধা। অনুষ্ঠান পরিচালনা করেন— অধ্যাপিকা শ্রীময়ী রায়, অধ্যাপক সুমন কুমার ধর, ইংরাজী বিভাগের প্রধান সুজিত মণ্ডল।

# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA

হাওড়া এবং হুগলিতে।

## পালপাড়া কলেজে কমিউনিকেটিভ ইংলিশ নিয়ে সার্টিফিকেট কোর্স চালু

স্টাফ রিপোর্টার ঃ পটাশপুর-১ ব্লকের যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ে আইকিউএসি-র পৃষ্ঠপোষকতায় কমিউনিকেটিভ ইংলিশ এর উপর সাত দিনের সার্টিফিকেট কোর্স অনুষ্ঠিত হল। বুধবার ইংরেজী বিভাগ এই কোর্সের আয়োজন করে। অনুষ্ঠানের উদ্বোধন করেন কলেজের অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র। কর্মসূচী চলবে আগামী ১৩ জুন পর্যন্ত। অনুষ্ঠানটির প্রথম পর্বে উপস্থিত ছিলেন অধ্যক্ষ সহ অধ্যাপক ড. তুষারকান্তি মণ্ডল, ড. অনিরুদ্ধ সিনহা, ড. মনিরুল ইসলাম সহ অন্যান্য গন্যমান্য ব্যক্তিরা। অনুষ্ঠানটির মূল পর্বে বিশ্বায়ণের যুবে যোগাযোগের ভাষা হিসাবে ইংরেজির প্রয়োজনীয়তা বিষয়ে বক্তব্য রাখেন প্রধান বক্তা ইংরেজি বিভাগের প্রধান সুজিত মণ্ডল। অনুষ্ঠান সঞ্চালনা করেন বিভাগীয় অধ্যাপক শ্রীময়ী রায়, রজত মিশ্র ও সুমন ধর। সমগ্র অনুষ্ঠানটিতে ইংরেজী সহ বিভিন্ন বিভাগের এবং বিভিন্ন বিদ্যালয়ের প্রায় তিনশো জন ছাত্রছাত্রী অংশ নেনে।

## শেষ হলো পালপাড়া কলেজের ৭ দিনের সার্টিফিকেট কোর্স




১৩ জুন ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের আই কিউ এ সি এর পৃষ্ঠপোষকতায় ইংরেজী বিভাগে আয়োজিত হয় কমিউনিকেটিভ ইংলিশ এর উপরে সাত দিনের সার্টিফিকেট কোর্স। গত ৭ জুন থেকে শুরু হওয়া কোর্সটির সমাপ্তি হয় মঙ্গলবার। অনুষ্ঠানটির প্রথম দিনে উপস্থিত ছিলেন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র, ড. তুষারকান্তি মন্ডল, ড. অনিরুদ্ধ সিনহা, ড. মনিরুল ইসলাম সহ অনেক গণমান্য ব্যক্তিত্ব। অনুষ্ঠানটির প্রথম দিনে বক্তা ছিলেন ইংরেজী বিভাগের বিভাগীয় প্রধান সুজিত মন্ডল। সাত দিন ধরে চলা এই অনুষ্ঠানে বক্তব্য রাখেন এবং প্রশিক্ষণ দেন শ্রীময়ী রায়, রজত মিশ্র, গুরুপদ মাটিয়া, সুষমা মহাপাত্র, সুমন কুমার ধর, অরিন্দম দাস প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিভাগীয় অধ্যাপক শ্রীময়ী রায়, রজত মিশ্র এবং সুমন ধর। গ্রামাঞ্চলে অবস্থিত হওয়া এই কলেজের ছাত্র-ছাত্রীদের মধ্যে ইংরেজীতে কথা বলা, লেখা এমনকি ইংরেজী পড়ার প্রতি তাদের যে ভীতি সেটা দূর করার জন্যই এই সার্টিফিকেট কোর্সের আয়োজন করা হয়েছিল। মঙ্গলবার শেষ দিনে শিক্ষার্থীদের সাথে মত বিনিময় পর্বে তারা জানায় এই সাত দিনের কোর্সটি করার ফলে তারা ইংরেজী পড়া লেখা এবং কথা বলায় অনেকটা সাবলীল হতে পারছে। সমগ্র সাত দিনের এই কোর্সে প্রতিদিন ইংরেজী সহ বিভিন্ন বিভাগের এবং বিভিন্ন বিদ্যালয়ের প্রায় দুই শত ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন। মঙ্গলবার অনলাইনে তাদের পরীক্ষা গৃহীত হয় এবং ফলাফল অনুযায়ী তাদের হাতে শংসাপত্র তুলে দেওয়া হয়।

## কাউন্সিল ফর টিচার এডুকেশনের পূর্ব ও উত্তর-পূর্ব ভারতের চেয়ারপার্সন হলেন পালপাড়া কলেজের অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র

**রাজকুমার ভুঁই, পূর্ব মেদিনীপুর ঃ** পটাশপুর, পূর্ব মেদিনীপুর কাউন্সিল ফর টিচার এডুকেশনের পূর্ব ও উত্তর-পূর্ব ভারতের চেয়ারপার্সন মনোনিত হলেন ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র। যার মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গ ও উড়িষ্যাসহ পূর্ব ও উত্তর-পূর্ব ভারতের ১২ টি রাজ্য। ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র পূর্ব মেদিনীপুর জেলার পটাশপুরের



যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের অধ্যক্ষ। মঙ্গলবার কলেজের পরিচালন সমিতির সদস্য, শিক্ষক, শিক্ষাকর্মী এবং ছাত্রছাত্রীদের পক্ষ থেকে পালপাড়া কলেজের অধ্যক্ষকে সম্বর্ধনা জ্ঞাপন করা হলো। কলেজের সেমিনার হলে সংগীত, নৃত্য ও বক্তব্যের মাধ্যমে এক মনোজ্ঞ অনুষ্ঠানে অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্রকে সম্বর্ধনা জ্ঞাপন করা হয়। অধ্যক্ষকে মানপত্র তুলে দেন দর্শন বিভাগের বিভাগীয় প্রধান ডঃ মৃণাল কান্তি দে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মহাবিদ্যালয়ের পরিচালন সমিতির সম্পাদক শীতল চন্দ্র দে। এছাড়া অধ্যক্ষের প্রতি সম্মান জানিয়ে বক্তব্য রাখেন বিএড ও এমএড বিভাগের বর্ষীয়ান অধ্যাপক ডঃ শেখ মনিরুল ইসলাম, অর্থনীতি বিভাগের বিভাগীয় প্রধান ডঃ তুষারকান্তি মণ্ডল, বাংলা বিভাগের অধ্যাপক আনন্দ মোহন মাইতি, শিক্ষাকর্মী বিশ্বজিৎ সাহু এবং আব্দুল আহাদ আলি। অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র মহাশয় তাঁর নতুন দায়িত্ব ও কর্মভার সম্বন্ধে বিস্তারিত ব্যাখ্যা করে উপস্থিত সকলকে প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পালপাড়া কলেজের অধ্যাপক ডঃ অনিরুদ্ধ সিনহা, ডঃ প্রশান্ত কুমার ঘোষ, ডঃ মৃণাল কান্তি দাস, সত্যব্রত সাহু-সহ শতাধিক শিক্ষক, শিক্ষাকর্মী এবং ছাত্রছাত্রীবৃন্দ। সমগ্র অনুষ্ঠান সঞ্চালনা করেন বাংলা বিভাগের অধ্যাপিকা ডঃ শ্রীমতী পন্ডিত এবং ইংরেজী বিভাগের অধ্যাপিকা শ্রীময়ী রায়।




# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA









## পালপাড়া কলেজে শিক্ষক উৎকর্ষতা বিষয়ক সেমিনার

স্টাফ রিপোর্টার ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া কলেজের সেমিনার হলে পাঁচ দিনের একটি সেমিনার শুরু হয়েছে। সেমিনারের বিষয় 'শিক্ষক উৎকর্ষতা'। সেমিনারটি উদ্বোধন করেন কলেজ পরিচালন সমিতির সভাপতি স্বামী অচ্যুতানন্দ গিরি মহারাজ। স্বাগত বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র। উদ্বোধক মহারাজ শিক্ষায় শিক্ষকদের অবদান কতখানি তার ব্যাখ্যা দেন। মুখ্য অতিথি নেতাজী সুভাষ বিশ্ব বিদ্যালয়ের জামসেদপুর উপাচার্য্য অধ্যাপক গৌরাঙ্গচরণ নন্দ জাতীয় শিক্ষানীতি ২০২০ নিয়ে আলোচনা করেন। শিক্ষানীতির নির্দেশিকা নিয়ে বক্তব্য রাখেন অধ্যাপক সুদর্শন মিশ্র, কলেজ পরিচালক কমিটির সম্পাদক শীতল চন্দ্র দে প্রমুখ। শ্রী দে আধুনিক শিক্ষা ব্যবস্থার সঙ্গে আধ্যাত্মিকতার যোগসূত্র স্থাপনের চেষ্টা করেন। অনুষ্ঠান শেষে কলেজের প্রসপেকটার্স, নিউজ লেটার, ভিজিটার্স বুক ও স্টুডেন্টস হ্যাণ্ড বুকের উদ্বোধন করা হয়।



## শিক্ষক-শিক্ষকা উৎকর্ষতা অনুষ্ঠান যোগদা সৎসঙ্গ মহাবিদ্যালয়ে

০৯ সেপ্টেম্বর ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ে পাঁচ দিন ব্যাপী শিক্ষক উৎকর্ষতা অনুষ্ঠান এর আনুষ্ঠানিক সূচনা হল বৃহস্পতিবার মহাবিদ্যালয়ের নিজস্ব সেমিনার হলে। প্রদীপ প্রজ্জ্বলন করে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন কলেজ পরিচালন সমিতির সভাপতি স্বামী অচ্যুতানন্দন গিরি মহারাজ। অনুষ্ঠানের স্বাগত ভাষণদেন অধ্যাপক ড. প্রদীপ্ত কুমার মিশ্র। তিনি কলেজের সার্বিক উন্নয়নে এই অনুষ্ঠানের আয়োজনের কথা বলেন। কলেজের সভাপতি স্বামী অচ্যুতানন্দ গিরি মহারাজ শিক্ষা ব্যবস্থার উৎকর্ষ সাধনে শিক্ষক- শিক্ষিকাদের অবদান কতখানি তা প্রাঞ্জল ভাবে ব্যাখ্যা করেন। মুখ্য অতিথি হিসেবে জাতীয় শিক্ষা নীতি ২০২০ সম্পর্কে সুস্পষ্ট ধারণা দেন নেতাজী সুভাষ বিশ্ববিদ্যালয় এর উপাচার্য অধ্যাপক গৌরাঙ্গ চরন নন্দ। এছাড়া শিক্ষা ব্যবস্থার নীতি নির্দেশিকা নিয়ে বক্তব্য রাখেন অধ্যাপক সুদর্শন মিশ্র, অধ্যাপক র‍্যাভেনশ বিশ্ববিদ্যালয় কটক। কলেজের পরিচালন সমিতির সম্পাদক শীতল চন্দ্র দে তাঁর বক্তব্যে আধুনিক শিক্ষ ব্যবস্থার সঙ্গে আধ্যাত্মিকতার যোগসূত্র স্থাপনের চেষ্টা করেন। অনুষ্ঠানের অন্তিমলগ্নে অতিথিবৃন্দের দ্বারা কলেজ প্রস্পেকটাস, নিউজ লেটার, ভিজিটার বুক ও স্টুডেন্ট হ্যান্ড বুকের আনুষ্ঠানিক উদ্বোধন হয়।

# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA

## পালপাড়া কলেজে ১০দিনের স্পোকেন সংস্কৃত কর্মশালার সমাপ্তি সভা

স্টাফ রিপোর্টার ঃ যোগদা সংসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের সংস্কৃত বিভাগ ও লোকভাষা প্রচার সমিতির যৌথ উদ্দ্যোগে অনুষ্ঠিত দশ দিনের স্পোকেন সংস্কৃত কর্মশালা শেষ হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র। প্রধান অতিথি ছিলেন লোকভাষা প্রসার সমিতির অধ্যক্ষ ডঃ নিরঞ্জন সাহু, কর্নাটক থেকে ১ কোটি গীতার প্রচারক স্বামী গোপালাচার্য্য, সবং কলেজের অধ্যাপক ডঃ গগনচন্দ্র দে, ডঃ মৃনালকান্তি দে, ডঃ অনিরুদ্ধ সিনহা, সংস্কৃত বিভাগের প্রধান ডঃ লক্ষীকান্ত ষড়ঙ্গী, সংস্কৃত ভাষাকে লোকভাষার প্রচারক আচার্য্য সুশোভন সিনহা মহাপাত্র, অধ্যাপক ভূপেন মণ্ডল, ডঃ প্রসূন আচার্য্য, ডঃ মঞ্জু দত্ত, আনন্দ মোহন মাইতি, অর্পিতা সামন্ত প্রমুখ। সঞ্চালক ছিলেন অধ্যাপক সত্যেন্দ্রনাথ আদক। সংস্কৃত ভাষায় কর্ম সংস্থানের দিকগুলি তুলে ধরেন বক্তারা।

বাদল গিরি, শুভদীপ পণ্ডা, তপন প্রধান, বনবিহারী পাত্র, সুকুমার দাস, অমিয় মাইতি প্রমুখ।

## পালপাড়া কলেজ প্রাক্তনী সভা

স্টাফ রিপোর্টার ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের অনুমোদিত প্রাক্তনী সমিতির প্রথম সভা শুক্রবার কলেজে অনুষ্ঠিত হয়। কলেজের উন্নয়নে এবং সামাজিক কাজে প্রাক্তনীরা অংশ নিবেন বলে সবাই অঙ্গীকার করেন। উপস্থিত ছিলেন তুষার কান্তি মণ্ডল, মৃণাল কান্তি দে, অনিরুদ্ধ সিনহা, অনুপম দলপতি, অভিজিৎ বেরা, সুজিত মান্না, শ্রুতি দে, শোভন কল্যান মাইতি প্রমুখ। ধন্যবাদ জ্ঞাপন করেন কলেজ অধ্যক্ষ প্রদীপ্ত কুমার মিশ্র। সভা শেষে সবাইকে প্রীতি ভোজে আপ্যায়িত করা হয়।

সাগরে ফুঁসছে

## পালপাড়া কলেজে রেজিস্টার প্রাক্তনী সমিতির সভা



আবেশভূমি ঃ যোগদা সৎসঙ্গ পালাপাড়া মহাবিদ্যালয়ে রেজিস্টার্ড প্রাক্তনী সমিতির প্রথম সভা অনুষ্ঠিত হয় শুক্রবার বুদ্ধপূর্ণিমার দিনে। কলেজের অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্রের ঐকান্তিক প্রচেষ্টায় এই সভা হয়। সকল সদস্যের স্মৃতিচারণা, প্রীতিভোজে অংশ গ্রহণের পাশাপাশি সাংগঠন কর্মে নিজেদের অংশগ্রহণে অঙ্গীকার সভার দৃষ্টিভঙ্গীকে আলাদা মাত্রা দেয়। সদস্যগণ আশাবাদী আগামী দিনে প্রাক্তনী পরিবার একটি বিশেষ জায়গা করে নিতে পারাবে। উপস্থিত ছিলেন ড. তুষার কান্তি মন্ডল, শ্রীমতী পন্ডিত, ড. মৃণালকান্তি দে, ড. অনিরুদ্ধ সিন্হা, শিক্ষক অনুপম দলপতি, গৌতম নন্দী, ভবদেব ভট্টাচার্য, মদনমোহন মাইতি, স্তুতি দে, মুকুল বেরা, মুকুল মাইতি, কমল মাইতি, অভিজিং বেরা, মধুসূদন জানা, আনন্দমোহন মাইতি, অরণ্য প্রকাশ সী, শোভন কল্যাণ মাইতি, হিরন্ময় বর্মন, বনমালী খাটুয়া, গৌরকৃষ্ণ দাস অধিকারী, অভিজিৎ বেরা, সুজিত মান্না প্রমুখ। হাতে হাত রেখে আগামীর পথ চলার শুভ সূচনায় এই মহতী সভায়।

গঙ্গাধরবাড় গ্রামীণ হাসপাতালে অসুস্থ হয়ে পড়ে, তা জানা যায়নি।

## পালপাড়া কলেজে পুরস্কার বিতরণী

স্টাফ রিপোর্টার ঃ পটাশপুর-১ ব্লকের যোগদা সৎ সঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের অর্থনীতি বিভাগের উদ্যোগে চলতি বছরের প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে অনলাইন ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। বিষয় ছিল—সাধারণ জ্ঞান, সংবিধান, রাজনীতি, অর্থনীতি প্রভৃতি। প্রতিযোগিতায় ৪০ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করেছিল। তাদের মধ্যে ৯ জন নির্বাচিত হয়েছিল। শুক্রবার কলেজের অর্থনীতি বিভাগ এক অনুষ্ঠানে ওই ৯ জনকে পুরস্কৃত করে। পুরস্কার তুলে দেন অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত কুমার মিশ্র। অনলাইন কুইজ প্রতিযোগিতা পরিচালনা করেছিলেন অর্থনীতি বিভাগের প্রধান ডঃ তুষার কান্তি মণ্ডল।

# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA

## পালপাড়া কলেজে ভারতীয় ভাষা উৎসব পালন

স্টাফ রিপোর্টার ঃ শুক্রবার যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ে ভারতীয় ভাষা উৎসব পালন করা হয়। ভারতীয় ভাষাগুলির সমন্বয় সূত্র অনুসন্ধানের জন্য এই কর্মসূচী পালনের নির্দেশ দিয়েছে ইউ.জি.সি। সেই নির্দেশমতো তামিলে কবি গীতিকার, সমাজ সংস্কারক ও স্বাধীনতা সংগ্রামী সুব্রহ্মনিয়াম ভারতীর জন্মদিন উপলক্ষ্যে ভাষা উৎসবরে আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত মিশ্র। সূচক বক্তা ছিলেন বাংলা বিভাগের প্রধান ডঃ মৃণালকান্তি দাস। মুখ্য বক্তা ছিলেন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক ডঃ লায়েক আলি খাঁন। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন অধ্যাপক ভূপেন মণ্ডল, ডঃ তুষার কান্তি মণ্ডল, ডঃ শ্রীমতী পণ্ডিত, অধ্যাপিকা শ্রীময়ী রায়, অধ্যাপক সৌমেন ভট্টাচার্য্য, ডঃ কৃষ্ণ বসু ঠাকুর প্রমুখ। সঞ্চালক ছিলেন অধ্যাপক রজত মিশ্র ও সুমন ধর।

## পালপাড়া কলেজে সাপ্তাহিক শিক্ষার্থী কর্মসূচী



০৬ জানুয়ারী ঃ পশ্চিমবঙ্গ সরকারের উচ্চ শিক্ষা মন্ত্রকের নির্দেশানুসারে যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের বি এড ও এম এড বিভাগের আয়োজনে সোমবার থেকে শুক্রবার পর্যন্ত সাপ্তাহিক শিক্ষার্থী কর্মসূচী অনুষ্ঠিত হয়। প্রায় দুই শতাধিক শিক্ষার্থী, অধ্যাপক ও অধ্যাপিকাবৃন্দের সমাগমে অনুষ্ঠানের শুভারম্ভ করেন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. প্রদীপ্ত কুমার মিশ্র। অনুষ্ঠানের সূচক বক্তা হিসেবে এই ছয় দিনের অনুষ্ঠানসূচি সম্পর্কে অবগত করান। তিনি শিক্ষার্থীর উন্নতি সাধনে ক্যারিয়ার কাউন্সেলিং, স্টুডেন্ট ক্রেডিট কার্ডের উপর সুচিন্তিত বক্তব্য রাখেন। মহাবিদ্যালয়ের কোষাধ্যক্ষ ড. শেখ মহিরুল ইসলাম, স্বামী বিবেকানন্দ স্কলারশিপের একটি রূপরেখা দেন। সাইকোলজিক্যাল কাউন্সিলিং এর উপর সুচিন্তিত মতামত প্রদান করেন ডাঃ আশীষ ঘোষ। শিক্ষার্থীদের উৎসাহ, উদ্দীপনা ও আগ্রহ শ্রীবৃদ্ধির জন্য বিভাগের অন্যান্য অধ্যাপক ও অধ্যাপিকাবৃন্দের উপস্থাপনায় কুইজ, ড্রইং ও পোস্টার প্রতিযোগিতা, সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়। এছাড়া মহাবিদ্যালয়ের পার্শ্ববর্তী দশটি বিদ্যালয় থেকে ছাত্র-ছাত্রীদের মহাবিদ্যালয়ে এনে এবং সাংস্কৃতিক ভাবের আদান প্রদান ঘটানো হয়। পাশাপাশি প্রতিটি শিক্ষার্থীদের অভিভাবকদের সঙ্গে একটি অনলাইন সাক্ষাৎকারের আয়োজন করা হয়। সেখানে শিক্ষার্থীদের পঠন- পাঠন ও স্কলারশিপ সংক্রান্ত সমস্যা নিয়ে আলোচিত হয়।


## পালপাড়া কলেজে ভারতীয় ভাষা উৎসব পালন

স্টাফ রিপোর্টার ঃ শুক্রবার যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ে ভারতীয় ভাষা উৎসব পালন করা হয়। ভারতীয় ভাষাগুলির সমন্বয় সূত্র অনুসন্ধানের জন্য এই কর্মসূচী পালনের নির্দেশ দিয়েছে ইউ.জি.সি। সেই নির্দেশমতো তামিলে কবি গীতিকার, সমাজ সংস্কারক ও স্বাধীনতা সংগ্রামী সুব্রহ্মনিয়াম ভারতীর জন্মদিন উপলক্ষ্যে ভাষা উৎসবরে আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত মিশ্র। সূচক বক্তা ছিলেন বাংলা বিভাগের প্রধান ডঃ মৃণালকান্তি দাস। মুখ্য বক্তা ছিলেন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক ডঃ লায়েক আলি খাঁন। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন অধ্যাপক ভূপেন মণ্ডল, ডঃ তুষার কান্তি মণ্ডল, ডঃ শ্রীমতী পণ্ডিত, অধ্যাপিকা শ্রীময়ী রায়, অধ্যাপক সৌমেন ভট্টাচার্য্য, ডঃ কৃষ্ণ বসু ঠাকুর প্রমুখ। সঞ্চালক ছিলেন অধ্যাপক রজত মিশ্র ও সুমন ধর।


## যোগদা সৎসঙ্গ মহাবিদ্যালয়ে ক্যুইজ



আবেশভূমি ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের অর্থনীতি বিভাগের উদ্যোগে এবং আই.কিউ.এ.সি ও এন. এস.এস এর সহায়তায় কলেজের বিভিন্ন বিভাগের ৪০টি দলের ৮০ ছাত্রছাত্রী নিয়ে ক্যুইজ হয় বৃহস্পতিবার। উপস্থিত ছিলেন কলেজের এইদিনের দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক ড. মৃণাল কান্তি দে, অধ্যাপক ড. শেখ মনিরুল ইসলাম, অধ্যাপিকা ড. কৃষ্ণা বসু ঠাকুর এবং অন্যান্য অধ্যাপক ও অধ্যাপিকাগণ। সাধারণ জ্ঞানের উপর আয়োজিত ক্যুইজের সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন অর্থনীতি বিভাগের বিভাগীয় প্রধান ড. তুষারকান্তি মন্ডল। অনুষ্ঠানের শেষ কৃতি ছাত্রছাত্রীদের পুরস্কৃত করা হয়।

# Y.S. PALPARA MAHAVIDYALAYA
# (NAAC Accredited B)
# Palpara, Purba Medinipur, 721458
# OUR COLLEGE
# IN THE PRINT MEDIA

## পালপাড়া কলেজে ক্যুইজের আসর

স্টাফ রিপোর্টার ঃ পটাশপুরের যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যায়ের অর্থনীতি বিভাগের উদ্যোগে এবং আইকিউ এ সি ও এনএসএস-এর সহায়তায় বৃহস্পতিবার এক ক্যুইজের প্রতিযোগিতা অনুষ্ঠিত হল। কলেজের বিভিন্ন বিভাগের ৪১০টি দলের ৮০ জন ছাত্রছাত্রীদের নিয়ে এই কুইজ প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যাপক ড. মৃণালকান্তি দে, অধ্যাপক ড. শেখ মনিরুল ইসলাম, অধ্যাপিকা ড. কৃষ্ণা বসু ঠাকুর সহ অন্যান্য অধ্যাপক অধ্যাপিকারা। সাধারণ জ্ঞানের উপর আয়োজিত এই ক্যুইজ প্রতিযোগিতায় অংশগ্রহনে উৎসাহ ছিল চোখে পড়ার মতো। সমগ্র অনুষ্ঠা পরিচালনা করেন অর্থনীতি বিভাগের প্রধান ড. তুষারকান্তি মণ্ডল। অনুষ্ঠানের শেষ পর্বে সফল প্রতিযোগীদের পুরস্কৃত করা হয়।

## পালপাড়া কলেজে জাতীয় স্তরের ক্যুইজ প্রতিযোগিতার পুরস্কার বিতরণী

স্টাফ রিপোর্টার ঃ যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয়ের অর্থনীতি বিভাগের উদ্যোগে ভারতের স্বাধীনতা আন্দোলন, ভারতের আইন সভা, সংবিধান, ঐতিহ্য ও সংস্কৃতি বিষয়ে এক জাতীয় স্তরের অনলাইন ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছিল ১৫ আগস্ট। সারা দেশের ৬টি বিশ্ববিদ্যালয়, ৫টি শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়, ২১টি সাধারণ কলেজ থেকে ৭৮ জন প্রতিযোগী এই প্রতিযোগীতায় অংশ নিয়েছিলেন। জাতীয় স্তরে মোট ৬ জন এবং পালপাড়া কলেজের ৩ জনকে পুরস্কারের জন্য বিবেচিত করা হয়। ২১ আগস্ট কলেজে এক অনুষ্ঠানে সফলকারীদের হাতে পুরস্কার তুলে দেন অধ্যক্ষ ডঃ প্রদীপ্ত মিশ্র।